
৪৩তম

বার্ষিক সাধারণ সভার

প্রতিবেদন

(২০২৪-২০২৫ অর্থবছর)





ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

১০/৫, ভাটিকাশর বাইলেন, ময়মনসিংহ

E-mail : mymscredit@gmail.com

Facebook Page: https://www.facebook.com/MymensinghCredit

ব্যবস্থাপনা কমিটি



প্রশান্ত নাফাক
সভাপতি



তিতুস হাচ্ছা
সহ-সভাপতি



অমিত ইলিয়াস স্কু
সম্পাদক



কল্যাণ রেমা
কোষাধ্যক্ষ (কো-অপ্ট)



চন্দ্রিকা মানখিন
পরিচালক



সুবর্ণা পলি দ্রং
পরিচালক



লিটন মৃ
পরিচালক



সূচনা রুরাম
পরিচালক



জেভিয়ার চিসিম
পরিচালক

উপদেষ্টা কমিটি



রেভা: ফা: ড. বিজন কুবি
আহ্বায়ক, উপদেষ্টা কমিটি



গাব্রিয়েল রোজারিও
সদস্য, উপদেষ্টা কমিটি



ইরা ডিব্রা
সদস্য, উপদেষ্টা কমিটি

ঋণদান কমিটি



সিপ্রিয়ান আপার দারিং
সভাপতি-ঋণদান কমিটি



সুকুমার ঘাগ্রা
সম্পাদক-ঋণদান কমিটি



সুজিত চিসিম
সদস্য-ঋণদান কমিটি

আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি



অতুল রেমা
আহ্বায়ক, আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি



ফাল্গুনী চাম্বুগং
সদস্য, আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি



গ্লোরী বিপাশা মীর
সদস্য, আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি

৪৩ তম বার্ষিক সাধারণ সভার প্রতিবেদন

অর্থবছর: ২০২৪-২০২৫

প্রকাশকাল...

মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সম্পাদনা পর্ষদ...

- **অমিত ইলিয়াস স্কু** আহ্বায়ক
- **তিতুস হাচ্ছা** সদস্য
- **কল্যাণ রেমা** সদস্য
- **সুবর্ণা পলি দ্রং** সদস্য
- **চন্দ্রিকা মানখিন** সদস্য
- **প্রদীপ কুমার রুরাম** সদস্য
- **মুক্তা চাম্বুগং** সদস্য

প্রচ্ছদ পরিকল্পনায়...

প্রকাশনা কমিটি
৪৩তম বার্ষিক সাধারণ সভা
ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

প্রচ্ছদ পরিচিতি...

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: এর ৪৩তম বার্ষিক সাধারণ সভার প্রতিবেদন (২০২৪-২০২৫ অর্থবছর)-এর প্রচ্ছদে সাধারণ সভার উন্মুক্ত পরিবেশ এবং সদস্যদের সক্রিয় অংশগ্রহণকে সরাসরি প্রতিফলিত করা হয়েছে। প্রদর্শিত পাই চার্টে তহবিলের বিভিন্ন খাতের অনুপাত তুলে ধরা হয়েছে এবং বার গ্রাফে গত কয়েক বছরের মূলধন ও সম্পদের ধারাবাহিক বৃদ্ধির চিত্র দেখানো হয়েছে। তাছাড়া, সদস্য সংখ্যা ও তার বৃদ্ধি, প্রতিষ্ঠানের শক্তি, সম্প্রসারণ ও সদস্যদের আস্থা এবং সহযোগিতার স্পষ্ট প্রতিফলন হিসেবে উপস্থান করা হয়েছে।

প্রকাশনায়...

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
১০/৫ ভাটিকাশর বাইলেন, ময়মনসিংহ।

মুদ্রণ...

মডার্ন প্রিন্টার্স
৩৮, মুক্তিযোদ্ধা স্মরণী সড়ক (ছোট বাজার)
ময়মনসিংহ :: ০১৭১১ ৪৮৯ ১০৭

ক্রেডিট/ময়মন/১৭৫/২০২৫-২০২৬ তারিখঃ ২২/০২/২০২৬খ্রী.

৪৩তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি
২০২৪-২০২৫ অর্থ বছর

এতদ্বারা ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র ক্রেডিট ইউনিয়নের ৪৩তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত বার্ষিক সাধারণ সভায় আপনার/আপনাদের কোন আলোচ্য বিষয় থাকলে আগামী ১০/০৩/২০২৬ খ্রী. তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকার মধ্যে স্ব-হস্তে লিখিত অথবা mymscredit@gmail.com-এর মাধ্যমে প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করছি।

উল্লেখ্য যে, সমবায় সমিতির আইন ২০০১(সংশোধিত ২০০২ও ২০১৩)-এর ধারা নং ১৯ ও ৩৭ অনুযায়ী যে সকল সদস্যের শেয়ার-সঞ্চয় বকেয়া ও ঋণ খেলাপী রয়েছেন তাদেরকে আগামী ১৬/০৩/২০২৬ ইং তারিখের মধ্যে পরিশোধ করে ৪৩ তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ ঃ ২১/০৩/২০২৬ খ্রীষ্টাব্দ রোজ শনিবার।
স্থান ঃ কারিতাস ময়মনসিংহ আঞ্চলিক অফিস মিলনায়তন, ১৫ পাদ্রী মিশন রোড, ভাটিকাশর, ময়মনসিংহ।
সময় ঃ সকাল ০৯ঃ০০ ঘটিকা

আলোচ্য সূচীঃ

১ম অধিবেশনঃ

০১. (ক) নিবন্ধন (খ) আসন গ্রহণ (গ) কোরাম গণনা (ঘ) জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন (ঙ) বাইবেল পাঠ ও প্রার্থনা(চ) সম্মাননা জ্ঞাপন।
০২. প্রয়াত সদস্যদের উদ্দেশ্যে শোক ও নীরবতা পালন।
০৩. কার্যবিবরণী রক্ষক মনোনয়ন।
০৪. আলোচ্যসূচী অনুমোদন।
০৫. সভাপতির স্বাগতিক বক্তব্য।
০৬. বিশেষ অতিথিদের শুভেচ্ছা বক্তব্য।
০৭. শ্রেষ্ঠ সমবায়ীদের সম্মাননা প্রদান।
০৮. প্রধান অতিথির বক্তব্য।

২য় অধিবেশনঃ

০৯. ৪২তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ, সংশোধন, আলোচনা ও অনুমোদন।
১০. ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবস্থাপনা কমিটির বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন পেশ, পর্যালোচনা ও অনুমোদন।
১১. ঋণদান কমিটির প্রতিবেদন পেশ, পর্যালোচনা ও অনুমোদন।
১২. আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির প্রতিবেদন পেশ, পর্যালোচনা ও অনুমোদন।
১৩. বার্ষিক হিসাব বিবরণী (২০২৪-২০২৫) ঃ (ক) প্রাপ্তি-প্রদান, আয়-ব্যয়, উদ্বৃত্তপত্র, লাভ লোকসান বন্টন হিসাব পেশ, পর্যালোচনা ও অনুমোদন।
১৪. নিরীক্ষা প্রতিবেদন পেশ, পর্যালোচনা ও অনুমোদন।
১৫. ২০২৬-২০২৭ অর্থ বছরের প্রস্তাবিত আয়-ব্যয়ের বাজেট পেশ, পর্যালোচনা ও অনুমোদন।
১৬. ২০২৪-২০২৫ অর্থ বছরের সম্পুরক বাজেট পেশ, পর্যালোচনা ও অনুমোদন।
১৭. প্রস্তাবনা সমূহ আলোচনা ও অনুমোদন।
১৮. বিবিধ
১৯. ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা।
২০. র‍্যাফেল ড্র।

ধন্যবাদান্তে

অমিত ইলিয়াস ক্রুস
সম্পাদক
ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ
ক্রেডিট ইউনিয়ন লিঃ

প্রশান্ত নাফাক
সভাপতি
ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ
ক্রেডিট ইউনিয়ন লিঃ

অনুলিপিঃ
০১। চেয়ারম্যান, কাল্‌ব, ঢাকা।
০২। উপনিবন্ধক-জেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ।
০৩। উপজেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ।
০৪। জেলা ব্যবস্থাপক, ময়মনসিংহ জেলা, কাল্‌ব।
০৫। নোটিশ বোর্ড।

বিঃদ্রঃ সমবায় সমিতি আইন-২০০১ এর ধারা-৩৭ মোতাবেক কোন সদস্য সমিতিতে শেয়ার, ঋণ, অন্যান্য বকেয়া থাকলে তা পরিশোধ না করা পর্যন্ত এবং সদস্যপদ স্থগিত থাকলে উক্ত সদস্য সাধারণ সভায় তার অধিকার প্রয়োগ করতে পারবেন না।

আলোচ্য সূচীঃ ৫

সভাপতির
স্বাগতিক বক্তব্য



ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: এর ৪৩ তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ, উপদেষ্টা কমিটির সদস্যবৃন্দ, সম্মানিত সদস্যবৃন্দ, ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ, উপ-কমিটির সদস্যবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং উপস্থিত সকল শুভানুধ্যায়ীকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। প্রথমেই সর্বশক্তিমান ঈশ্বরের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি, যিনি তাঁর অপরিসীম করুণায় আমাদের সবাইকে সুস্থ ও নিরাপদ রেখে আজ এই ৪৩তম বার্ষিক সাধারণ সভায় একত্রিত হওয়ার সুযোগ করে দিয়েছেন। তাঁর আশীর্বাদে আমরা আরেকটি বছর সফলভাবে অতিক্রম করতে পেরেছি এবং আজ আমরা সবাই একত্রিত হয়েছি আমাদের প্রতিষ্ঠানের কার্যক্রম পর্যালোচনা এবং ভবিষ্যৎ পরিকল্পনা নির্ধারণ করার জন্য।

পবিত্র বাইবেলে বলা হয়েছে **"যে ব্যক্তি অল্প বিষয়ে বিশ্বস্ত, সে অধিক বিষয়েও বিশ্বস্ত"**।-**লূক ১৬:১০** এই মহান বাণী আমাদের দায়িত্বশীলতা, সততা এবং বিশ্বস্ততার শিক্ষা দেয়। একটি প্রতিষ্ঠান তখনই উন্নতির পথে এগিয়ে যায় যখন তার সদস্যরা দায়িত্বশীলতা ও সততার সাথে কাজ করে। আমি মনে করি, আমাদের প্রতিষ্ঠানের সদস্যবৃন্দ এবং ব্যবস্থাপনা কমিটি সেই দায়িত্ববোধ নিয়েই কাজ করে চলেছে।

সম্মানিত সদস্যবৃন্দ,

আমি অত্যন্ত আনন্দের জানাচ্ছি যে, গত কয়েক বছরে আমাদের ক্রেডিট ইউনিয়নের সদস্য সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে সদস্য সংখ্যা ছিল ১৬৩৪ জন, যা ২০২৩-২০২৪ অর্থ বছরে বেড়ে ১৭৮১ জন এবং ২০২৪-২০২৫ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ১৮৭৪ জনে উন্নীত হয়েছে। এটি প্রমাণ করে যে আমাদের প্রতিষ্ঠানের প্রতি মানুষের আস্থা ও আগ্রহ দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

বিগত অর্থবছর আমাদের ক্রেডিট ইউনিয়নের জন্য ছিল একটি কর্মমুখর ও তাৎপর্যপূর্ণ বছর। পরিচালনা কমিটির প্রতিবেদনে আমরা দেখতে পাই যে, বিগত বছরের বিভিন্ন কার্যক্রম, পরিকল্পনা এবং সিদ্ধান্তের মাধ্যমে আমাদের ক্রেডিট ইউনিয়ন ধীরে ধীরে আরও সুসংগঠিত ও শক্তিশালী ভিত্তির উপর দাঁড়াতে সক্ষম হয়েছে। আপনারা শুনে আনন্দিত হবেন যে, বিগত ২০২৩-২০২৪ অর্থবছরে **৫১,৮৭৮,৯৩২ (পাঁচ কোটি আঠার লক্ষ আটত্তর হাজার নয়শত বত্রিশ) টাকা** এবং ২০২৪-২০২৫ অর্থবছরে **৩৯,৯৯৩,৭৪০ (তিন কোটি নিরানব্বই লক্ষ তিরানব্বই হাজার সাতশত চল্লিশ) টাকা** মূলধন বৃদ্ধি পেয়ে জুন ২০২৫ পর্যন্ত আমাদের ক্রেডিট ইউনিয়নের মোট তহবিল **৩৬৩,৯২৭,৬৫৭ (ছত্রিশ কোটি উনচল্লিশ লক্ষ সাতাশ হাজার ছয়শত সাতান্ন) টাকা** হয়েছে। এই তহবিল সদস্যদের অব্যাহত সঞ্চয়, বিচক্ষণ বিনিয়োগ, দায়িত্বশীল আর্থিক ব্যবস্থাপনা এবং সর্বোপরি সদস্যদের অগাধ আস্থা ও সহযোগিতার ফলে জানুয়ারী ২০২৬ মধ্যে **৪০ (চল্লিশ কোটি)**-তে উন্নীত হয়েছে। অর্থাৎ বিগত আড়াই বছরে আমাদের ক্রেডিট ইউনিয়নের তহবিল বা মূলধন প্রায় **১৩ (তের কোটি) টাকা** বৃদ্ধি পেয়েছে। এটি শুধু আর্থিক প্রবৃদ্ধিরই প্রতিফলন নয়, বরং আমাদের সদস্যদের বিশ্বাস, অংশগ্রহণ এবং প্রতিষ্ঠানের প্রতি তাদের দৃঢ় আস্থারও একটি শক্তিশালী প্রমাণ। পাশাপাশি এটি প্রতিষ্ঠানের শক্তিশালী অর্থনৈতিক স্থিতিশীলতাকেও নির্দেশ করে।

তাছাড়া ক্রেডিট টাওয়ার (বহুতল ও বহুমুখী ভবন) নির্মাণ কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে ইতিমধ্যে প্রনীত নকশা, ফায়ার সার্ভিস এবং সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক Fire Fighting Floor Plan অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন-২০০৩, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, অত্র অধিদপ্তরের চেকলিষ্ট ও পরামর্শ অনুযায়ী প্রস্তুত করায় এবং কমিটি কর্তৃক যাচাই বাছাই ও পরীক্ষান্তে Fire Fighting Floor Plan টি সঠিক বলে প্রতীয়মান হওয়ায় তা অনুমোদন প্রদান করা হয়েছে। যা মূল নকশা অনুমোদন প্রাপ্তির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ফলে আগামী মে ২০২৬ খ্রীষ্টাব্দের মধ্যে ভবনের মূল নকশা সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদন পাবো বলে আমরা আশা করছি।

প্রিয় সদস্যবৃন্দ,

পরিচালনা কমিটি সর্বদা সদস্যদের কল্যাণকে অগ্রাধিকার দিয়ে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করেছে। নিয়মিত সভা, পরিকল্পনা প্রণয়ন এবং কার্যকর ব্যবস্থাপনার মাধ্যমে আমরা আমাদের প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের চেষ্টা অব্যাহত রয়েছে। আমাদের লক্ষ্য শুধু কার্যক্রম পরিচালনা করা নয়, বরং একটি স্বচ্ছ, দায়িত্বশীল এবং টেকসই প্রতিষ্ঠান গড়ে তোলা ।

একটি প্রতিষ্ঠানের শক্তি শুধু তার কার্যক্রমে নয়, বরং তার আর্থিক শৃঙ্খলা ও স্বচ্ছতার মধ্যেও নিহিত থাকে। কোষাধ্যক্ষের প্রতিবেদনে উপস্থাপিত আর্থিক চিত্র আমাদের জন্য অত্যন্ত আশাব্যঞ্জক। গত বছরের আয়-ব্যয়, সঞ্চয়, ঋণ এবং আর্থিক ব্যবস্থাপনা যথাযথ নিয়মনীতি অনুসরণ করে সুসংগঠিতভাবে পরিচালিত হয়েছে। যা ইতোমধ্যে কাল্‌ব কর্তৃক সম্পন্ন বাৎসরিক অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

সম্মানিত উপস্থিতিবৃন্দ,

ঋণের যথাযথ ব্যবস্থাপনা ও তদারকির মাধ্যমে ঋণ কার্যক্রমের ক্ষেত্রেও আমাদের ক্রেডিট ইউনিয়ন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কারণ ক্রেডিট ইউনিয়ন বিশ্বাস করে যে, ঋণ শুধু আর্থিক কার্যক্রম নয়; এটি আমাদের পারস্পরিক সহযোগিতা এবং একে অপরের পাশে দাঁড়ানোর একটি বাস্তব উদাহরণ। বিগত অর্থবছরে কৃষি, শিক্ষা, গৃহ নির্মাণ, ব্যবসা, চিকিৎসা, গৃহ সংস্কারসহ বিভিন্ন খাতে সদস্যদের মাঝে ৫,৮১,৫৯,৩০০ (পাঁচ কোটি একাশি লক্ষ উনষাট হাজার তিনশত) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ফলে ঋণ গ্রহিতা সদস্যবৃন্দ তাদের অর্থনৈতিক কর্মকান্ডকে আরও বেশি শক্তিশালী করতে সক্ষম হয়েছে ।

প্রিয় সদস্যবৃন্দ,

গত বছরে আমাদের ক্রেডিট ইউনিয়নে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমও বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো-

- ভবিষ্যতে বহুতল ভবন নির্মাণের লক্ষ্য পরিকল্পনা গ্রহণ (ভবনের নকশা ও বাজেট প্রনয়ণ, প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করা, ভবনের নকশা অনুমোদনের জন্য যথাযথ কতৃপক্ষের নিকট আবেদন করা ইত্যাদি।)
- স্থানীয় সরকারি এবং সমমনা বেসরকারি অফিসের সাথে শক্তিশালী সংযোগ স্থাপন।
- অফিসের পরিবেশ উন্নয়ন এবং সদস্য সেবাকে আরও সহজ ও দ্রুত করার উদ্যোগ।
- সদস্যদের জন্য উন্নত সেবা প্রদানের লক্ষ্যে হেল্প ডেস্ক চালু করা।
- কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি।
- যুব সমাজ ও নারীদের উন্নয়নে বিভিন্ন সচেতনতামূলক সেমিনার ও কর্মশালা আয়োজন।
- সামাজিক ও ধর্মীয় বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণ ও সহযোগিতা প্রদান।

পাশাপাশি, গত বছর যুবক-যুবতীদের জন্য সঞ্চয় সচেতনতা বিষয়ক সেমিনার এবং নারীদের জন্য উদ্যোক্তা সৃষ্টির উপর কর্মশালার আয়োজন করা হয়েছে, যা আমাদের সামাজিক দায়িত্ব পালনের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ।

একটি প্রতিষ্ঠান কখনোই একা এগিয়ে যেতে পারে না। এর পেছনে থাকে অনেক মানুষের পরিশ্রম, ত্যাগ এবং আন্তরিকতা। আজ আমি কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি আমাদের ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, উপদেষ্টা কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন কমিটির সদস্যবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী এবং সকল শুভানুধ্যায়ীকে, যারা নিরলসভাবে আমাদের ক্রেডিট ইউনিয়নের উন্নতির জন্য কাজ করে যাচ্ছেন।
এক্ষেত্রে আমাদের সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা, আস্থা এবং অংশগ্রহণ ছাড়া এই অগ্রগতি কখনোই সম্ভব হতো না। কারণ সদস্যরাই ক্রেডিট ইউনিয়নের প্রকৃত শক্তি।

সম্মানিত উপস্থিতিবৃন্দ,

অর্জনের পাশাপাশি কিছু চ্যালেঞ্জও আমাদের সামনে রয়েছে। বর্তমান অর্থনৈতিক ও রাজনৈতিক পরিস্থিতির প্রভাব, দীর্ঘমেয়াদি ঋণ খেলাপি সমস্যা আমাদের জন্য কিছুটা চ্যালেঞ্জ সৃষ্টি করছে। তবে আমরা বিশ্বাস করি, সকলের সম্মিলিত প্রচেষ্টা ও সচেতনতার মাধ্যমে এই চ্যালেঞ্জগুলো মোকাবিলা করা সম্ভব। কারণ আজকের এই বার্ষিক সাধারণ সভা শুধু একটি আনুষ্ঠানিক আয়োজন নয়। এটি আমাদের জন্য একটি গুরুত্বপূর্ণ মঞ্চ-যেখানে আমরা গত বছরের অর্জন ও সীমাবদ্ধতা মূল্যায়ন করি এবং ভবিষ্যতের জন্য নতুন পরিকল্পনা গ্রহণ করি।

ভবিষ্যতের দিকে তাকিয়ে আমাদের ব্যবস্থাপনা কমিটি ইতোমধ্যে কিছু গুরুত্বপূর্ণ পরিকল্পনা গ্রহণ করেছে। যেমন-

- ক্রেডিট টাওয়ার (বহুতল ও বহুমুখী ভবন) নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন (সম্ভাব্য আগামী জুন ২০২৬ হতে কাজ শুরু করা যাবে।)
- ডিজিটাল সেবা সম্প্রসারণ।
- নতুন সদস্য সংগ্রহ অভিযান জোরদার করা।
- বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।
- সদস্যদের জন্য অর্থনৈতিক শিক্ষা ও সচেতনতা বৃদ্ধির কর্মসূচি গ্রহণ।
- পরিবেশ সংরক্ষণ ও সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণ।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, সদস্যদের সক্রিয় সহযোগিতা ও অংশগ্রহণ থাকলে এই সকল পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হবে এবং আমাদের ক্রেডিট ইউনিয়ন ভবিষ্যতে আরও শক্তিশালী ভিত্তির উপর দাঁড়াতে পারবে।

পরিশেষে, আবারও সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই আজকের এই সভায় উপস্থিত থাকার জন্য। আশা করি আজকের সভায় আমরা গঠনমূলক আলোচনা, মূল্যবান মতামত এবং যৌথ সিদ্ধান্তের মাধ্যমে আমাদের প্রতিষ্ঠানের অগ্রযাত্রাকে আরও গতিশীল করতে পারব।
পবিত্র বাইবেলের আরেকটি বাণী দিয়ে আমি আমার বক্তব্য শেষ করতে চাই **"দেখ, কত ভালো ও মনোরম যখন ভাইয়েরা একত্রে মিলেমিশে বাস করে"।-গীতসংহিতা ১৩৩:১**

এই ঐক্যের শক্তিই হোক আমাদের ক্রেডিট ইউনিয়নের সবচেয়ে বড় শক্তি। পরম করুণাময় ঈশ্বর আমাদের সবাইকে আশীর্বাদ করুন, আমাদের প্রতিষ্ঠানের আরও উন্নতি ও সমৃদ্ধি হউক এই প্রার্থনা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

আপনাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ।

প্রশান্ত নাফাক
সভাপতি
ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ভাটিকাশর ময়মনসিংহ।

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

আলোচ্য সূচীঃ ৯

৪২তম বার্ষিক সাধারণ সভার কার্য বিবরণী ২০২৩-২০২৪

স্থান ঃ কারিতাস ময়মনসিংহ আঞ্চলিক অফিস মিলনায়তন
১৫, পাদ্রী মিশন রোড, ভাটিকাশর, ময়মনসিংহ।
তারিখ ঃ ১০/০১/২০২৫ সময় ঃ সকাল ৯.০০ ঘটিকা

১ম অধিবেশনঃ

১. আলোচ্য সূচীঃ

আলোচ্য সূচী নং-০১: (ক) নিবন্ধন (খ) আসন গ্রহণ। (গ) উপস্থিতি কোরাম গণনা। (ঘ) জাতীয় সঙ্গীতসহ, জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন (ঙ) কার্য-বিবরণী রক্ষক মনোনয়ন। (চ) পবিত্র বাইবেল পাঠ ও প্রার্থনা।

(ক) নিবন্ধনঃ

অদ্য ১০/০১/২০২৫ খ্রীষ্টাব্দ তারিখ রোজ শুক্রবার ময়মনসিংহ খ্রীষ্টান কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৪২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

(খ) আসন গ্রহণঃ

মি. অমিত ইলিয়াস স্কু, সম্পাদক মহোদয়ের আহ্বানে উপস্থিত প্রধান অতিথি রেভা. ফাদার ড. থাদ্দেউস হেমব্রম, অধ্যক্ষ, ময়মনসিংহ নটরডেম কলেজ, ময়মনসিংহ, বিশেষ অতিথি জনাব মো.কামরুজ্জামান, উপজেলা সমবায় কর্মকর্তা, সদর, ময়মনসিংহ, মোছাম্মদ আফরোজা খাতুন, জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ময়মনসিংহ জেলা, মি. কার্তিরোজ চিরান, জেলা ব্যবস্থাপক-কাল্‌ব, ময়মনসিংহ জেলা ও মি. ইউনুস সাংমা, প্রাক্তন সভাপতি, ময়মনসিংহ খ্রীষ্টান কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ প্রমূখ একে একে আসন গ্রহণ করেন।

(গ) কোরাম গণনা ঃ

সমবায় সমিতির ১৩ নং ধারা মতে সভায় উপস্থিতি গণনা করা হয় ও কোরাম পূর্ণ হওয়ায় ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর বার্ষিক সাধারণ সভা আরম্ভ হয়। উক্ত সভায় ৪০৪ জন সদস্য উপস্থিত ছিলেন, যা স্বাক্ষর সম্বলিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীতে সংরক্ষিত আছে।

(ঘ) জাতীয় সঙ্গীত সহ জাতীয় পতাকা উত্তোলন ঃ

সভায় উপস্থিত সদস্যগণ কারিতাস ময়মনসিংহ অফিস প্রাঙ্গণে জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে সমবায় পতাকা উত্তোলন করেন মিঃ প্রশান্ত নাফাক, সভাপতি, ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এবং জাতীয় পতাকা উত্তোলন করেন প্রধান অতিথি রেভা. ফাদার ড. থাদ্দেউস হেমব্রম, অধ্যক্ষ, নটরডেম কলেজ, ময়মনসিংহ।



(ঙ) অদ্যকার বার্ষিক সাধারণ সভার শুরুতে কার্যবিবরণী সংরক্ষণের জন্যে ২ জন কার্যবিবরণী রক্ষক মনোনয়ন করা হয়। যথাক্রমে ১. মি.পরিতোষ বনোয়ারী, সদস্য নং-১০৮৬ ও ২. মিস সুইটি রেমা, সদস্য নং-৫৫২। সাথে অফিস স্টাফ মিস মনোরমা রেমা, হিসাবরক্ষক এবং মিস খ্রীষ্টিনা আরেং, সহকারী ক্যাশিয়ারকে কার্যবিবরণী সংরক্ষণে সহযোগিতার জন্য নির্বাচন করা হয়।



(চ) পবিত্র বাইবেল পাঠ ও প্রার্থনাঃ

অদ্যকার সভায় মি. পল্লব চিসিম, সদস্য নং-১৩২০ কে পবিত্র বাইবেল পাঠ ও প্রার্থনা পরিচালনার জন্য আহবান করা হলে তিনি বাইবেলের একটি অংশ (গীত সংহীতা ৯১ঃ ১-৩ পদ) পাঠ করেন। এরপর ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর এবং উপস্থিত সকলের মঙ্গল ও সুস্থ্যতা কামনা করে প্রার্থনা করেন।

আলোচ্য সূচী নং-০২ঃ প্রয়াত সদস্যদের উদ্দেশ্যে শোক ও নীরবতা পালন ঃ

মি. অমিত ইলিয়াস স্কু, সম্পাদক-এর ঘোষণার মাধ্যমে বিগত অর্থ বছরে ৪জন প্রয়াত সদস্যদের আত্মার চির-শান্তি কামনা করে ১ মি: নীরবতা পালন করা হয়। অত্র সমিতির রেকর্ড অনুসারে প্রয়াত সদস্যদের নামের তালিকা উল্লেখ করা হলো:

০১. স্বর্গীয় উষা দিও, সদস্য নং-১০২৩,
০২. স্বর্গীয় মাইক এম ম্রং, সদস্য নং-৫১,
০৩. স্বর্গীয় মনিকা দে, সদস্য নং-২৬০ ও
০৪. স্বর্গীয় মার্থা বনানী দিও, সদস্য নং-১৭০।

আলোচ্য সূচী নং-০৩ঃ আলোচ্য সূচী অনুমোদন ঃ

আলোচ্য সূচী মোতাবেক কার্য বিবরণী আলোচনার জন্য প্রস্তাব করেন মি. সমল মানখিন, সদস্য নং-৪৯৯ এবং সমর্থন করেন মি. মুকুট স্নাল, সদস্য নং-১০২০।

আলোচ্য সূচী নং-০৪ঃ অতিথিদের আসন গ্রহণ ও সভাপতির স্বাগতিক বক্তব্য ঃ

অদ্যকার ৪২তম বার্ষিক সাধারণ সভায় সঞ্চালনা করেন মি. অমিত ইলিয়াস স্কু, সম্পাদক, ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। উক্ত সভায় সভাপতির আসন অলংকৃত করেন মি. প্রশান্ত নাফাক, সভাপতি, ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, প্রধান অতিথি হিসাবে আসন অলংকৃত করেন রেভা. ফা. ড. থাদ্দেউস হেমব্রম, সিএসসি, অধ্যক্ষ, নটরডেম কলেজ, ময়মনসিংহ। বিশেষ অতিথি হিসাবে আসন গ্রহণ করেন মোছাম্মদ আফরোজা খাতুন, জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ময়মনসিংহ জেলা, জনাব মো. কামরুজ্জামান, উপজেলা সমবায় কর্মকর্তা, সদর, ময়মনসিংহ এবং মি. কার্তিরোজ চিরান, জেলা ব্যবস্থাপক, কাল্ব, ময়মনসিংহ জেলা।

আসন গ্রহণ শেষে "দুঃখ জয়ের নবীণ মন্ত্র সমবায় সমবায়" এই সমবায় সঙ্গীতের সাথে সমবেত নৃত্য পরিবেশন করেন ময়মনসিংহ ক্রেডিট-এর ৩ জন নবীণ সদস্য- বালশ্রী রিছিল, মীমা ম্রং ও লিসা রেমা ।



ক) সভাপতির স্বাগতিক বক্তব্য:

প্রিয় সম্মানিত সমবায়ী সুধীবৃন্দ,

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ কর্তৃক আয়োজিত ৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত প্রধান অতিথি, সম্মানিত বিশেষ অতিথিবৃন্দ, কার্যকরী পরিষদের সম্মানিত সদস্যগণ, উপদেষ্টা পরিষদের সম্মানিত সদস্যগণ, ঋণদান এবং অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, সম্মানিত প্রধান নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট অফিস স্টাফবৃন্দ এবং সম্মানিত সমবায়ী সাথী ও বন্ধুগণ, সবাইকে সমিতির কার্যকরী পরিষদের পক্ষ থেকে আপনাদের সদয় উপস্থিতি ও মূল্যবান সময় প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমি অত্যন্ত আনন্দিত যে, পরম করুণাময় ঈশ্বরের মহান দয়ায় এবং আপনাদের ভালবাসা ও সার্বিক সহযোগিতায় ৪২তম বার্ষিক সাধারণ সভা আয়োজন করতে সক্ষম হয়েছি। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, আপনাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ৪২তম সাধারণ সভাকে সাফল্যমন্ডিত করে তুলবে। আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান ব্যবস্থাপনা কমিটি সাফল্যের সাথে একটি বছর অতিবাহিত করেছে। আশা করছি অদ্যকার ৪২তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করে এই প্রতিষ্ঠানকে আরো গতিশীল ও প্রাণবন্ত করে তুলবেন। বর্তমান ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব গ্রহণের কয়েক মাস অতিবাহিত হওয়ার পরপরই দেশের রাজনৈতিক অস্থিতিশীল অবস্থা ও সরকার পরিবর্তিত অবস্থার সম্মুখীন হতে হয়েছে। এই রাজনৈতিক অস্থিতিশীলতা ও বর্তমান পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়ার মত। আবার কিছুদিন পরেই দেশের বিভিন্ন স্থানের ন্যায় বৃহত্তর ময়মনসিংহের কিছু কিছু অঞ্চলেও শুরু হয় স্মরণকালের ভয়াবহ বন্যা। এমন পরিস্থিতিতে আমাদের কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের অর্থনৈতিক ক্ষেত্রেও প্রভাব পড়ে যা কিছুটা হলেও আমাদেরকে মোকাবেলা করতে হয়েছে। এমতাবস্থায় বর্তমান ব্যবস্থাপনা কমিটির শক্ত মনোবল, সাহসী ও দক্ষ নেতৃত্বের ফলে সমস্ত চ্যালেঞ্জ মোকাবেলা করা সম্ভব হয়েছে। দেশের এমন সংকটময় পরিস্থিতিতেও সম্মানিত সদস্যগণের, স্টাফ এবং ব্যবস্থাপনা পরিষদের কঠোর পরিশ্রম ও সার্বিক সহযোগিতায় শেয়ার আমানত ১৯.০৯% হারে বৃদ্ধি করতে সক্ষম হয়েছি। বর্তমান কার্যকরী পরিষদ বিগত ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতিষ্ঠানের চলমান কার্যক্রমকে আরো গতিশীল ও বেগবান করে একধাপ এগিয়ে নিয়েছে।

সম্মানিত সমবায়ী সাথী ও বন্ধুগণ, বড়দিন ও নববর্ষের দীর্ঘ একটি ছুটির পর, সাপ্তাহিক ছুটির এই দিনে বার্ষিক সাধারণ সভায় আপনাদের উপস্থিতি, সুচিন্তিত মতামত ও পরামর্শ বলে দিচ্ছে আপনারা আমাদের প্রাণের সংগঠনটিকে কত ভালবাসেন। আশা করছি আপনাদের সক্রিয় অংশগ্রহণ, মতামত, পরামর্শ এবং গুরুত্বপূর্ণ বক্তব্যের মাধ্যমে উপস্থাপিত হবে প্রতিষ্ঠানের ভবিষ্যৎ উন্নয়নের দিক নির্দেশনা। সম্মানিত সদস্যদের জ্ঞাতার্থে ২০২৩-২০২৪ অর্থবছরে বোর্ড কর্তৃক আনীত পূর্ণাঙ্গ প্রতিবেদন, প্রাপ্তি প্রদান, নিরীক্ষা প্রতিবেদন, আয় ব্যয় হিসাব, লাভ ক্ষতি হিসাব, উদ্বৃত্তপত্র সহ আমাদের পরিকল্পনা ও প্রস্তাবনাসমূহ প্রতিবেদন আকারে কোষাধ্যক্ষ ও সম্পাদকের প্রতিবেদনে তুলে ধরেছি। আশা করি আপনারা বিষয়গুলো নিয়ে পর্যালোচনা করবেন এবং আপনাদের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করে পরিকল্পনাগুলো বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করবেন।

সম্মানিত সদস্যবৃন্দ, আপনাদের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বর্তমান কার্যকরী কমিটি বিগত একটি বছরে অনেকগুলো উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে যার অংশ বিশেষ আপনাদের জ্ঞাতার্থে নিম্নে উপস্থাপন করছি:-

ক) **শিক্ষার গুনগত মান উন্নয়নে উচ্চ শিক্ষা ও পেশাগত শিক্ষাকে উৎসাহিত করণে শিক্ষা ঋণ সহায়তা প্রদানঃ** উচ্চশিক্ষা ও পেশাগত শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব প্রদানে আমরা শিক্ষা নীতিমালাকে পর্যালোচনা করে যুগোপযোগী ও সহজীকরণের মাধ্যমে বিগত অর্থ বছরে মোট ৮ (আট) জন বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের মধ্যে স্বল্প সুদে (৯%) ও সহজ কিস্তিতে মোট ৪২,৯১,২০০/- (বিয়াল্লিশ লক্ষ একানব্বই হাজার দুইশত) টাকা ঋণ প্রদান করা হয়েছে যা তাদেরকে স্বপ্ন পূরণে একধাপ এগিয়ে নিয়ে যাবে। উচ্চশিক্ষা ও পেশাগত শিক্ষা সহায়তা ঋণ সিঙ্গেল ডিজিট অর্থাৎ ৯% হারে, দেশে পড়াশুনা করলে সর্বোচ্চ ১০ (দশ লক্ষ) টাকা এবং বিদেশে পড়াশুনা করতে চাইলে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা ঋণ সুবিধা চালু করা হয়েছে। সেই সাথে বিদেশে পড়াশুনা করতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের জন্য ৯% হারে ব্যাংক সলভেন্সি ঋণ চলমান রয়েছে।

খ) **জমি ক্রয় ও স্বপ্ন নীড়-০২ প্রকল্পের পরিকল্পনাঃ** ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: এর পূর্বে ক্রয়কৃত জমির সাথে বলাশপুর মৌজাস্থিত রাস্তার সাথে নিষ্কন্টক নির্ভেজাল ০৮.১৮ শতাংশ জমি ক্রয় করে সমিতির নামে সাব-কবলা রেজিষ্ট্রি সম্পন্ন করা হয়েছে। ক্রয়কৃত এই জমিতে অচিরেই আপনাদের মতামত ও পরামর্শের ভিত্তিতে একটি বহুমুখী ও লাভজনক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হবে। বর্তমানে ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর নামে ময়মনসিংহ শহরের বলাশপুর এলাকায় ২০.৫৬ শতাংশ ক্রয়কৃত জমি বহুতল ভবন নির্মাণ ও বহুমুখী প্রকল্প প্রণয়নের জন্য প্রস্তুত রয়েছে।

গ) **অফিস ভবন ও অবকাঠামোর উন্নয়নঃ** বর্তমান ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের নিজস্ব ৪র্থ তলা ভবনটিকে ৫ম তলায় উন্নীতকরণ করা হয়েছে এবং ভবনের দ্বিতীয় তলায় একটি ইউনিটে ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জন্য অফিস কক্ষের ব্যবস্থাসহ সভা কক্ষের ব্যবস্থা করা হয়েছে। সম্মানিত সদস্যদের পরামর্শ অনুযায়ী নিচতলায় সদস্যবান্ধব কার্যালয় হিসেবে উন্নীত করণে অফিস কক্ষ সম্প্রসারণ করা হয়েছে এবং অফিস কক্ষগুলো সংস্কার ও ডেকোরেশনের মাধ্যমে সুন্দর সুসজ্জিত ফ্রন্টডেস্ক করার পরিকল্পনা বাস্তবায়নের প্রক্রিয়াধীন রয়েছে।

ঘ) **সম্মানিত সদস্যদের লেনদেনের সময়কে অগ্রাধিকার দিয়ে অফিসের সময় সূচিতে পরিবর্তন করা হয়েছেঃ** সম্মানিত সদস্যদের কথা বিবেচনা করে বর্তমান বোর্ড অফিস সময়সূচি পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। সপ্তাহে সোমবার হইতে শনিবার দুপুর পর্যন্ত অফিস খোলা রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যাতে করে চাকুরীজীবিরা শুক্রবার ও শনিবার দুপুর পর্যন্ত সাপ্তাহিক ছুটির দিনেও লেনদেন করতে পারে। এই পরিবর্তিত নতুন অফিস সময়সূচী গত ১লা এপ্রিল ২০২৪ থেকে কার্যকর করা হয়েছে।

ঙ) **সমিতির শেয়ার মূলধন বৃদ্ধিঃ** সমিতির সদস্যদের শেয়ার মূলধন আমানত গত এক বছরে ১৯.০৭% হারে বৃদ্ধি পেয়েছে যা নিম্নে ছকে দেখানো হলো, যেটি বিগত বছরের চেয়ে ৮.৯৭% বেশী। বর্তমান মূলধন ৩২,৩৯,৩৩,৯১৭ (বত্রিশ কোটি উনচল্লিশ লক্ষ তেত্রিশ হাজার নয়শত সতের) টাকা। যা বিগত এক বছরে ৫,১৮,৭৮,৯৩২ (পাঁচ কোটি আঠার লক্ষ আটাত্তর হাজার নয়শত বত্রিশ) টাকা বৃদ্ধি পেয়েছে। এ সাফল্য আমাদের সকলের, এটি একটি উন্নয়নের মাইল ফলক যা আমাদের সকলকে উৎসাহিত ও অনুপ্রেরণা দিয়ে থাকে ভবিষৎ সম্ভাবনাময়ী একটি বৃহত্তর প্রতিষ্ঠান গড়ে তোলার। আমি প্রত্যাশা করি সম্মানিত সদস্যদের ভবিষ্যতে শেয়ার আমানত জমা করার মনোভাব আরো বৃদ্ধি পাবে এবং প্রতিষ্ঠানকে আরো গতিশীল ও বেগবান করে তুলতে সক্ষম হবে।

সম্পদ ও পরিসম্পদ ঃ

ক্রমিক নং	২০২২-২৩ অর্থবছরে মূলধন	২০২৩-২৪ অর্থবছরে মূলধন	বৃদ্ধি পেয়েছে	%শতকরা
০১	২৭,২০,৫৪,৯৮৫/-	৩২,৩৯,৩৩,৯১৭/-	৫,১৮,৭৮,৯৩২/-	১৯.০৭

চ) **উপদেষ্টা পরিষদ গঠনঃ** বর্তমান বোর্ড গত বছরের এজিএম এর সিদ্ধান্ত মোতাবেক ৩ সদস্য বিশিষ্ট একটি শক্তিশালী উপদেষ্টা পরিষদ গঠন করেছে। কমিটিতে রয়েছেন- রেভা. ফাদার ড. বিজন কুবি, মি. গাব্রিয়েল রোজারিও এবং মি. কল্যাণ রেমা। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি বর্তমান উপদেষ্টাগণ তাদের মেধা ও অভিজ্ঞতালব্ধ পরামর্শ প্রদান করে প্রতিষ্ঠানকে আরো গতিশীল করার ক্ষেত্রে অবদান রাখবেন। কমিটি ইতিমধ্যে বিভিন্ন সভায় উপস্থিত থেকে এবং সরাসরি বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করে যাচ্ছেন।

ছ) **অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠনঃ** বর্তমান বোর্ড গত বছরের এজিএম এর সিদ্ধান্ত মোতাবেক ৩ সদস্য বিশিষ্ট একটি অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করেছেন। কমিটিতে রয়েছেন সম্মানিত সদস্য মি. অতুল রেমা, মিস ফাল্গুনী চাম্বুগং এবং মি. কল্যাণ দাস। কমিটি ইতিমধ্যে ত্রৈমাসিক হারে নিরীক্ষা কাজ শুরু করেছে এবং প্রতিবেদন দাখিল করেছেন।

জ) **প্রাক্-বড়দিন উদযাপনঃ** প্রতিবছরের ন্যায় এই বছরেও স্টাফ ও কার্যকরী পরিষদ, উপকমিটি ও উপদেষ্টাগণকে নিয়ে প্রাক্-বড়দিন উদযাপন করা হয়েছে।

ঝ) **স্টুডেন্টস ভলান্টিয়ার প্রকল্পঃ** বর্তমান কার্যকরী কমিটি স্টুডেন্টস ভলান্টিয়ার প্রকল্পের আওতায় ৩ জন ছাত্রকে নিয়োগ দিয়েছে, যারা শিক্ষানবীশ হিসাবে সপ্তাহে ২০-২৪ কর্মঘন্টা সময় দিয়ে সমিতির লেন-দেন ও হিসাব নিকাশের কাজে সংশ্লিষ্ট স্টাফদের সহযোগিতা করে যাচ্ছে। শিক্ষা জীবন সমাপ্ত হলে তাদের এই অভিজ্ঞতা পরবর্তী কর্মজীবনে সহায়ক হবে বলে আমরা বিশ্বাস করি। এর প্রমাণ পূর্ববর্তী যারা এর প্রোগ্রামের আওতাভুক্ত ছিল তারা এখন ভাল প্রতিষ্ঠান, কোম্পানীতে কাজ করছে এবং আকর্ষনীয় বেতন ভাতা ও সুযোগ সুবিধা ভোগ করছে।

ঞ) **স্টাফদের "পেশাগত আচরনবিধি" এর উপর ওরিয়েন্টেশন প্রদানঃ** সকল স্টাফদের পেশাদার আচরণ বৃদ্ধির উদ্দেশ্যে গত ১৩/০৭/২০২৪ খ্রী. বর্তমান ব্যবস্থাপনা কমিটি অফিস স্টাফদের আচরনবিধি/কোড অব কন্ডাক্ট সংক্রান্ত একটি বিশেষ ওরিয়েন্টেশন এর ব্যবস্থা করে এবং ওরিয়েন্টেশন শেষে প্রত্যেক স্টাফ আচরনবিধি মান্য করার অঙ্গীকার পত্রে স্বাক্ষর প্রদান করে।

ট) **অডিট/নিরীক্ষাকার্য সম্পাদনঃ** দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্‌ব) কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের নিরীক্ষাকার্য যথা সময়ে সম্পাদন করা হয়েছে। অত্র ক্রেডিট ইউনিয়নের আর্থিক লেনদেনের বিল, ভাউচার, রেজিষ্টার, লেজারবহি, নথিপত্র, কর্মী ব্যবস্থাপনা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করা হয়। উক্ত অডিটে কিছু উন্নয়নের পরামর্শ ব্যতীত, আমাদের ক্রেডিট ইউনিয়নকে অন্যান্য অর্থবছরের ন্যায় সার্বিক দিক বিবেচনায় "সক্রিয়" হিসাবে শ্রেণী বিন্যাস করা হয় এবং অত্যন্ত ইতিবাচক বলে উল্লেখ করা হয়।

"ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ" এর ভবিষ্যত কর্ম পরিকল্পনাঃ বর্তমান ব্যবস্থাপনা কমিটি ইতিমধ্যেই বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে, তার মধ্য থেকে উল্লেখযোগ্য কিছু পরিকল্পনা সকলের জ্ঞাতার্থে তুলে ধরা হলো ঃ

০১. সদস্যদের আবাসন সমস্যা সমাধান কল্পে ক্রয়কৃত জমিতে বহুতল ভবন ১৪ তলা বিশিষ্ট ভবন নির্মাণ ও ফ্ল্যাট বরাদ্দ দেয়া।

০২. বিভিন্ন লাভজনক ও আয়বৃদ্ধিমূলক মাইক্রো প্রজেক্ট বা ছোট ছোট প্রকল্পের মাধ্যমে সদস্যদের কর্মসংস্থানের ব্যবস্থা করা যেমন- সমবায়ী দোকান, গাভী পালন, গরু মোটাতাজাকরণ, শাক-সবজী উৎপাদন ও বাজার জাতকরণ এবং হস্তশিল্পে উদ্যোগীকরণ ইত্যাদি।

০৩. নারী ও যুব উদ্যোক্তা গঠনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা- নারী ও যুব উদ্যোক্তাদের মাধ্যমে বিভিন্ন খাতে বিনিয়োগের চেষ্টা অব্যাহত রাখা এবং বিভিন্ন ধরনের "সরাসরি বিক্রয় যোগ্য" পণ্যের উৎপাদন করা।

০৪. নতুন সদস্য সংগ্রহ অভিযান পরিচালনার মাধ্যমে শেয়ার মূলধন বৃদ্ধি করার পাশাপাশি সদস্য সংখ্যা বৃদ্ধি করা।

০৫. ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের অফিসকে সদস্যবান্ধব ও অবাধ তথ্য প্রবাহ করণে প্রযুক্তিগত এবং সেবার মান উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

০৬. স্টাফদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও ইতিবাচক পরিবর্তন আনয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

০৭. চাকুরীর বিধিমালা আপডেট করণ - নিজস্ব সম্পদ কাজে লাগানো, সদস্যদের মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে 'মানব সম্পদ' বিভাগে ও 'পরিচালক' পদে কর্মরত ব্যক্তিদের সহযোগিতা নেওয়া।

০৮. যুব নেতৃত্ব বিকাশ এবং যুব সমাজকে ক্রেডিট ইউনিয়নে সম্পৃক্তরণ বিষয়ে বেকার যুবক/যুবতীদের বিশেষ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সহযোগিতা করা।

০৯. কর্মীদের মধ্যে পেশাদারীত্ব নিশ্চিতকরণের মাধ্যমে সেবার মান বৃদ্ধি করা।

১০. সদস্য বান্ধব ও গুনগতমান সম্পন্ন ক্রেডিট ইউনিয়ন গড়ে তোলার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।

১১. স্বচ্ছতা, জবাবদিহীতা ও অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিতকরণের মাধ্যমে স্থায়ীত্বশীল ক্রেডিট ইউনিয়ন গড়ে তোলার জন্য যথাযথ পদক্ষেপ নেয়া।

পরিশেষে ৪২তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করার জন্যে আপনাদের সকলকে ময়মনসিংহ খ্রীস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সেই সাথে আহ্বান জানাচ্ছি, ২০২৩-২০২৪ বার্ষিক প্রতিবেদনে যে সকল তথ্য উপাত্ত উপস্থাপন করা হয়েছে তা পর্যালোচনা করে আপনাদের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদানের জন্যে এবং অত্র ক্রেডিট ইউনিয়নের ৪২তম বার্ষিক সাধারণ সভার প্রথম অধিবেশন উদ্বোধনী অনুষ্ঠানে আপনাদের প্রত্যেককে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে উপস্থিত সম্মানিত প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ, বোর্ড পরিচালকবৃন্দ, উপদেষ্টা পরিষদের সম্মানিত সদস্যগণ, সম্মানিত সমবায়ী সাথী ও বন্ধুগণ, অফিস স্টাফ এবং সংশ্লিষ্ট সকলের প্রতি আবারও ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভাপতি বক্তব্য শেষ করেন।

আলোচ্য সূচী নং-০৫ঃ বিশেষ অতিথিদের শুভেচ্ছা বক্তব্য ঃ

৪২তম বার্ষিক সাধারণ সভায় সঞ্চালনা করেন মি. অমিত ইলিয়াস স্কু, সম্পাদক, ময়মনসিংহ খ্রীষ্টান কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। তিনি বিশেষ অতিথিবৃন্দকে বক্তব্য দানের জন্য আহ্বান করেন। নিম্নে অতিথিবৃন্দের বক্তব্য সংক্ষিপ্ত আকারে উল্লেখ করা হলো:

বিশেষ অতিথি ঃ মি. কার্তিরোজ চিরান, জেলা ব্যবস্থাপক, কাল্‌ব, ময়মনসিংহ জেলা ঃ



অদ্যকার সভার বিশেষ অতিথি মি. কার্তিরোজ চিরান কাল্‌ব জেলা ব্যবস্থাপক, সভার প্রধান অতিথি রেভা. ফা. ড. থাদ্দেউস হেমব্রম, বিশেষ অতিথি, মোছাম্মদ আফরোজা খাতুন, জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জনাব মো. কামরুজ্জামান, উপজেলা সমবায় কর্মকর্তা, সদর ও মি. ইউনুস সাংমা, প্রাক্তন সভাপতি ও কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ এবং উপস্থিত সকলকে কাল্‌ব লিমিটেড-এর পক্ষ থেকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অত্র সমিতির সম্মানিত সদস্য ও স্বাধীনতা পদক প্রাপ্ত মি. অরণ্য ই. চিরানকে শুভেচ্ছা জানান। তিনি সকল বোর্ড পরিচালক মন্ডলী ও কর্মীবৃন্দকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, ময়মনসিংহ ক্রেডিট ইউনিয়নের বর্তমান মূলধন ৩২ কোটিতে উন্নীত হওয়া কম কথা নয়। এজন্য আমরা বলতে পারি "আমার ক্রেডিট ইউনিয়ন, আমার অহংকার"। তিনি সকল সম্মানিত সদস্য-সদস্যাকে বার্ষিক সভায় উপস্থিত থাকার জন্য আহবান করেন। তিনি জানান সদস্য বৃদ্ধি অত্যন্ত ভালো। সাধারণত সদস্য বৃদ্ধির হার শতকরা ১০ভাগ হওয়ার কথা কিন্তু এ অর্থ বছরে সদস্য বৃদ্ধির হার হয়েছে শতকরা ১২.২৮ভাগ। প্রতিবেদনে উল্লেখিত বিভিন্ন আর্থিক উন্নয়নের চিত্র তুলে ধরেন। তবে তিনি ঋণ খেলাপীর হার কমানোর জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণের পরামর্শ রাখেন। তিনি তার বক্তব্যে আরো বলেন, বিভিন্ন আমানতের টাকা চাওয়া মাত্র যেন সদস্যদেরকে দেওয়া যায়, সেজন্য তারল্য মানি সংরক্ষণ করা প্রয়োজন। গত বছরের তুলনায় লভ্যাংশ কমে গেছে। যা আয় হয়েছে তার অর্ধেক-ই কাল্‌ব হতে বিভিন্ন আমানতের বিপরীতে মুনাফা লাভ করেছে বলে জানান। সুন্দর বার্ষিক প্রতিবেদন তৈরীর জন্য ব্যবস্থাপনা কমিটি ও অফিস স্টাফদের ধন্যবাদ জানান। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি ঃ জনাব মো. কামরুজ্জামান, উপজেলা সমবায় কর্মকর্তা, সদর, ময়মনসিংহ ঃ

জনাব মো. কামরুজ্জামান, উপজেলা সমবায় কর্মকর্তা, সদর, ময়মনসিংহ মহোদয় ৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ, বোর্ড পরিচালকবৃন্দ ও উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন, আমি অত্যন্ত সৌভাগ্যবান যে, ময়মনসিংহ খ্রীষ্টান কো-আপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর বিগত ৫টি বার্ষিক সভায় আমি উপস্থিত থাকতে পেরেছি। তিনি সম্মানিত সদস্যদেরকে জানান, আজকে আপনাদের নিজেদের টাকার হিসাব নেওয়ার দিন। তিনি যেমন আনন্দিত

তেমনি হতাশাও প্রকাশ করেন। কারণ ঋণখেলাপীর পরিমাণ একটু বেশী। আমাদের সকলেরই দায়িত্ব ঠিক মত ঋণের টাকা পরিশোধ করা। যাদেরকে খেলাপী টাকা উত্তোলনের দায়িত্ব দিয়েছেন তারা ঠিক মত দায়িত্ব পালন করছে কিনা, সে দিকে খেয়াল রাখার জন্য কমিটিকে আহবান জানান।



আগামীতে যেন লভ্যাংশ বেশী দিতে পারে সেই দিকে খেয়াল রাখার জন্য পরামর্শ দান করেন। কমিটিকে খরচ কমানোর জন্য পরামর্শ দেন। তাছাড়া স্টুডেন্ট প্রোগ্রাম চালু হওয়ায় তিনি খুশি হন। কারণ এখানে অনেক ছাত্র ছাত্রী কাজ করছে, যা তাদের পড়াশোনার খরচ বহনে সহায়ক হবে। সদস্য সংখ্যা যেন বৃদ্ধি পায়, সঞ্চয় বৃদ্ধি পায় তার জন্য সবাইকে প্রতিজ্ঞা গ্রহণ করার জন্য পরামর্শ দেন। আর যারা সর্বোচ্চ সংখ্যক সদস্য বাড়াবে তাদের জন্য পুরস্কারের ব্যবস্থা করার জন্য পরামর্শ দেন। খেলাপীর পরিমাণ যেন কমে যায় সে দিকে দৃষ্টি আকর্ষণ করেন। খেলাপীদের আইনী ব্যবস্থা গ্রহণে উপজেলা সমবায় থেকে সর্বাত্নক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি ঃ মোছাম্মদ আফরোজা খাতুন, জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ময়মনসিংহ জেলাঃ

জনাব মোছাম্মদ আফরোজা খাতুন, জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ময়মনসিংহ, ময়মনসিংহ খ্রীষ্টান কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথি সহ উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি সমবায় সমিতির বার্ষিক অডিটের চিত্র এই সভায় তুলে ধরেন। তিনি তার অভিব্যক্তি প্রকাশ করে বলেন, ক্রেডিটের কার্যক্রম দেখে আমার খুব ভালো লাগে। আমাদের ক্রেডিটে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমা করে এখান থেকেই আর্থ সামাজিক উন্নয়ন করতে হবে। এই ক্রেডিটের সকল সদস্যই ৩২ কোটি মূলধনের অংশীদার। ঋণ পেয়ে যদি সদস্যরা লাভবান হয় এবং সেই ঋণ নিয়মিত পরিশোধ করে তাহলে সকলেই লাভবান হবে। ব্যাংক থেকে ঋণ নিলে সুদ বেশী দিতে হয়। বিশেষ ভাবে ঋণের টাকা গ্রহণ করে সবাই যেন ঠিক মত ফেরত প্রদান করে এবং এক জনের কারণে অন্যজনের যেন ঋণ নিতে অসুবিধা না হয় সেই দিকে দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তিনি আবাসন প্রকল্প নিয়ে আশাবাদ ব্যক্ত করেন, তিনি আরো বলেন এই আবাসন প্রকল্পের মাধ্যমেই একদিন সকলেই এক একটি বাড়ীর মালিক হবে। একার পক্ষে যা সম্ভব নয় তা আমরা সমবায়ের মাধ্যমে করতে পারি। বিভিন্ন প্রকল্প সফলভাবে পরিচালনা করা জন্য ব্যবস্থাপনা কমিটিকে ধন্যবাদ জানান। আবাসিক ব্যবস্থার এই সুন্দর সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য এবং এই ধারা চলমান রাখার জন্য পরামর্শ রাখেন। তাছাড়া মাইক্রোবাস প্রকল্পের জন্য তিনি ধন্যবাদ জানান। এখানে কোন দুর্নীতি নেই। কোন সহায়তা লাগলে সহযোগিতা করার আশ্বাস দেন। তিনি জানান বার্ষিক সভায় সকলের মতামত প্রদানের অধিকার আছে, তাই সকলের মতামত নেয়ার পরামর্শ দান করেন। সহযোগী শিশু সদস্যদের বিষয়ে তিনি বলেন, এই সহযোগি সদস্যরাই এক সময় শেয়ারের সদস্য হবে এবং সদস্য সংখ্যা বৃদ্ধি পাবে। ময়মনসিংহ খ্রীষ্টান কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ কে তিনি ময়মনসিংহে মডেল সমিতি হিসাবে আখ্যা দিয়ে তিনি বলেন, যার কারণে আমরা আমাদের উর্ধ্বতন কর্মকর্তা আসলে এই সমিতির নাম উল্লেখ করি। এই সমিতির কাল্‌ব থেকে ঋণ নেওয়ার কোন দরকার পড়ে না, তারা নিজেরাই স্বাবলম্বী, নিজেদের টাকায় ব্যবহার হরে। পরিশেষে উপস্থিত সকলের মঙ্গল এবং সুস্বাস্থ্য কামনা করে তার বক্তব্য শেষ করেন।



আলোচ্য সূচী নং-০৬ঃ শ্রেষ্ঠ সমবায়ীদের সম্মাননা প্রদান ঃ

মি. তিতুস হাচ্চা, সহ-সভাপতি, শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন কমিটির আহবায়ক হিসাবে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচনের ক্রাইটেরিয়া সম্পর্কে সকলকে অবগত করান। ২০২৩-২০২৪ অর্থ বছরের নির্বাচিত সদস্যদের শ্রেষ্ঠ সমবায়ীদের মঞ্চে আসার জন্য আহবান করেন। ১০ জন নির্বাচিত শ্রেষ্ঠ সমবায়ীদেরকে উত্তরীয় পরিয়ে সম্মান প্রদর্শন করা হয় এবং ময়মনসিংহ ক্রেডিট ইউনিয়নের সভাপতি, প্রধান অতিথি ও বিশেষ অতিথিগণের কাছ থেকে উক্ত ১০ জন শ্রেষ্ঠ



সমবায়ী সদস্যগণ একটি করে ক্রেজ ও একটি করে সার্টিফিকেট গ্রহণ করেন। সম্মাননা গ্রহণকারী সদস্যদের নামের তালিকা নিম্নে উল্লেখ করা হলোঃ

ক্রমিক নং	সদস্যের নাম	সদস্য নং
০১	মিস উৎপলা রেমা	৬৬
০২	মি. সুকুমার ঘাগ্রা	১৬৩
০৩	মি. প্রদীশন নেকলা	৩০৪
০৪	মিস রোজী রংমা	৩৩৬
০৫	মি. লিটন মৃ	৩৭৫
০৬	মিস মৌসুমী ম্রং	৪৫২
০৭	মিস অর্পা চিরান	৬১৯
০৮	মিস অর্চনা চাম্বুগং	৯৯৫
০৯	মি. বিপ্লব দাশ	১০০৭
১০	মি. প্রকাশ চাম্বুগং	১৩১৯

আলোচ্য সূচী নং-০৭ ঃ প্রধান অতিথির বক্তব্যঃ রেভা. ফা. ড. থাদ্দেউস হেমব্রম, সিএসসি, অধ্যক্ষ, নটরডেম কলেজ, ময়মনসিংহঃ
ময়মনসিংহ খ্রীষ্টান কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ ৪২ তম বার্ষিক সাধারণ সভার প্রধান অতিথি রেভা. ফা. ড. থাদ্দেউস হেমব্রম, সিএসসি ময়মনসিংহ ক্রেডিট ইউনিয়নের সভাপতি, বিশেষ অতিথি এবং উপস্থিত সকলকে অভিনন্দন জানান। তিনি ক্রেডিট ইউনিয়নের প্রতিষ্ঠাতা ফাদার চার্লস জে. ইয়াং এর কথা স্মরণ করে বলেন " একা গড়ে না কেউ, গড়ে অনেকে মিলে"। তিনি বাইবেলের পুরাতন নিয়মের আদি মন্ডলীতে লিখা বিশেষ একটি অংশের কথা উল্লেখ করে বলেন, তারা সকলের যা ছিল তাই সকলে ব্যবহার করত। আদি মন্ডলীর ন্যায় আমরাও আমাদের যা আছে তা একত্রে রাখবো এবং সকলে মিলে ব্যবহার করবো। বাইরের শোষণ থেকে যেন মুক্ত থাকতে পারে তাই ক্রেডিট ইউনিয়নের গঠন হয়েছে। আমরা যদি সৎ ও বিশ্বস্ত থাকি তাহলে আমরা আদি মন্ডলীতে ফিরে যেতে পারব। বিশ্বস্ত ছিলেন বলেই সে সময়ে তারা প্রতিষ্ঠিত হতে পেরেছেন। আমাদের সমিতিকে যত্ন নিতে হবে, সদস্যরা নিজেদের সঞ্চিত অর্থ নিজেরা ব্যবহার করলে আমাদের সমিতি আরো লাভবান হবে। খেলাপী সদস্যদের সাথে সদয় ব্যবহার করার পরামর্শ প্রদান করেন, খেলাপী আদায় করতে গিয়ে যেন তাদের সাথে দুর্ব্যাবহার করা না হয় সেদিকে খেয়াল রাখারও পরামর্শ দেন। সদস্যদের প্রশিক্ষণ প্রদান করার জন্য ও স্টুডেন্ট প্রোগ্রাম চালু করায় কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে তিনি উপস্থিত সকল অতিথি এবং উপস্থিত সদস্যদের অভিন্দন ও ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।



২য় অধিবেশন ঃ

২য় অধিবেশনরে শুরুতেই সঞ্চালক মি. অমিত ইলিয়াস ক্রুজ, সম্পাদক, ময়মনসিংহ খ্রীষ্টান কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, বোর্ড পরিচালক, উপদেষ্টা পরিষদ ও সকল উপ কমিটির সদস্যদেরকে একে একে মঞ্চে আসন গ্রহণ করার জন্য আহবান জানান। তিনি ২০২২-২০২৩ অর্থ বছরের কার্যবিবরণী পাঠ, সংশোধন ও আলোচনায় সকলকে অংশগ্রহণের জন্য আহ্বান জানান। অতঃপর তিনি সভাপতি মহোদয়কে ২য় অধিবেশন পরিচালনার জন্য অনুরোধ জানান।



আলোচ্য সূচী নং ০৮ঃ ৪১ তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভাপতি মহোদয় উপস্থিত ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন উপ কমিটির সদস্যবৃন্দ এবং উপস্থিত সম্মানিত সদস্য-সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে আলোচনায় সকলের সক্রিয় অংশগ্রহণ, সুচিন্তিত মতামত, পরামর্শ ও আন্তরিক সহযোগিতা কামনা করেন।



আলোচনার শুরুতেই মি. মার্টিন মানখিন, সদস্য নং-২০২, পৃষ্ঠানুসারে আলোচনায় যাওয়ার জন্য প্রস্তাব করেন। অতঃপর সভাপতি মহোদয় মি. অমিত ইলিয়াস স্কু সম্পাদককে বিগত ৪১ তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণীটি পাঠ করার জন্য আহবান জানানো হলে উপস্থিত সদস্যগণ পঠিত হয়েছে এবং কোন ভুল নেই বলে জানান। মি. রেমন্ড পলাশ হালদার, সদস্য নং-৩৭ আলোচনায় প্রশ্ন করেন মি. পিন্টু আরেং, সদস্য নং-৪৪৮ এর প্রস্তাব ছিল বার্ষিক প্রতিবেদনটি সভার কয়েকদিন আগে দেওয়ার জন্য কিন্তু এবার কেন দেওয়া হলো না? এর প্রেক্ষিতে সম্পাদক মহোদয় নিজেদের ব্যর্থতার জন্য দুঃখ প্রকাশ করে জানান যে, ১৫ দিন আগে না হলেও অন্তত পক্ষে ৭দিন আগে দিতে চেষ্টা করবেন বলে আশ্বস্ত করেন।

১৫ নং পৃষ্ঠায় পলাশ রেমা, সদস্য নং-২১৯ "নিজেকে জানো, নিজেকে গড়ো" শীর্ষক সেমিনারে শুধু মাত্র গতানুগতিক ছাত্র ছাত্রী নয়, এটা যেহেতু ক্রেডিট ইউনিয়নের আওতার সেমিনার সেহেতু এখানে ক্রেডিট ইউনিয়নকে যুক্ত করলে ভালো হবে বলে মত প্রকাশ করেন। মি. মার্শেল রংদী, সদস্য নং-২০৪ এর প্রশ্নের প্রেক্ষিতে সম্পাদক মহোদয় জানান, মাইক্রোবাস ব্যবস্থাপনায় ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।]

মি. সেকেন্দ্র স্নাল জানতে চান, ২০২২-২০২৩ অর্থ বছরে যে ৮টি সিদ্ধান্ত ছিল, সে ব্যাপারে জানতে চাইলে সম্পাদক, মহোদয় সে বিষয়ে প্রতিবেদনের ১৮ নং পৃষ্ঠায় পাওয়া যাবে বলে জানান। মি. জেভিয়ার চিসিম, সদস্য নং-৯৭৭ জানতে চান যে, আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটিতে ৩ জন কি নেওয়া হয়েছে। এর প্রেক্ষিতে জানানো হয় যে, কমিটিতে ৩জনই নেওয়া হয়েছে। কিন্তু নীতি মালার কারণে আমরা একজনকে এখনো নিতে পারি নাই। নীতিমালা তৈরী হচ্ছে। শিক্ষা কমিটি গঠন চলমান রয়েছে বলে সম্পাদক মহোদয় জানান। নারী ও শিশু উন্নয়ন কমিটি গঠন প্রক্রিয়ায় রয়েছে। উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। উপদেষ্টা কমিটির নীতিমালা তৈরী চলমান রয়েছে। এরই মধ্যে যেসব কমিটির যে নীতিমালা এখনো তৈরী হয়নি তা পরবর্তীতে তৈরী করা হবে বলে সভাপতি মহোদয় সকলকে অবগত করান।

আলোচ্য সূচী নং-০৯ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের ব্যবস্থাপনা কমিটির বার্ষিক প্রতিবেদন উপস্থাপন ও আলোচনা ঃ

মি. অমিত ইলিয়াস স্কু, সম্পাদক ২০২৩-২০২৪ অর্থ বছরের ব্যবস্থাপনা কমিটির বার্ষিক অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন।



ব্যবস্থাপনা কমিটির উপস্থাপিত বার্ষিক প্রতিবেদনের আলোকে আলোচনার জন্য সভাপতি মহোদয় সকলকে আহ্বান করেন।

উপস্থাপিত প্রতিবেদন আলোচনায় ২০নং পৃষ্ঠায় মি. ইউনূস সাংমা, সদস্য নং-৪৯৩ শেয়ার মূলধন বৃদ্ধি করার আহ্বান জানান। তিনি শেয়ার মূল্য ১০০ টাকা থেকে বৃদ্ধি করে ২০০ টাকা করার জন্য প্রস্তাব রাখেন। মি. পলাশ রেমা, সদস্য নং-২১৯ সদস্যদেরকে শেয়ার ক্রয়ে উৎসাহিত করার জন্য পরামর্শ দেন। মি. সমল মানখিন, সদস্য নং-৪৯৯ শেয়ার মূলধন নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, শেয়ার বাড়ানোর জন্য উদ্যোগ নিতে হবে, ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ১০০ টাকা এবং চাকুরীজীবিদের কাছ থেকে ২০০ টাকা গ্রহণের প্রস্তাব করেন। এর প্রেক্ষিতে মি. সুজিত বাড়ৈ, সদস্য নং-৭০ ছাত্র-ছাত্রী এবং অবসরপ্রাপ্তদের পক্ষে ২০০ টাকা শেয়ার প্রদান করাকষ্ট সাধ্য ব্যাপার বলে মত প্রকাশ করেন। উপরোক্ত বিষয়ে মি. জেমস চিরান, কোষাধ্যক্ষ বলেন, আমাদের ঋণের সিলিং বাড়লে এমনিতেই সদস্যরা শেয়ার বাড়াবে, তাই এই মুহূর্তে চিন্তা না করি। শিক্ষা কমিটি এবং নারী ও শিশু উন্নয়ন কমিটি গঠন প্রক্রিয়া চলমান রয়েছে।

প্রতিবেদনের ২৩ নং পৃষ্টায় মি. গাব্রিয়েল রোজারিও, সদস্য নং-৩৯৫ শিক্ষা ঋণ ও পেশাগত ঋণ সম্পর্কে জানতে চান। তিনি বলেন, শিক্ষা সহায়তা ঋণ কাকে কাকে দেওয়া হয়েছে। এর প্রেক্ষিতে সভাপতি মহোদয় জানান, মাস্টার্স এর জন্য বিদেশে ০১ জনকে এবং দেশে মোট ০৭ জনকে উচ্চ ও পেশাগত শিক্ষা সহায়তা ঋণ দেওয়া হয়েছে। পরবর্তীতে ক্যাটাগরি আনুসারে প্রতিবেদনে আনার জন্য পরামর্শ দেন মি. পলাশ রেমা, সদস্য নং-২১৯।

প্রতিবেদনের ২৪ নং পৃষ্ঠায় মি. গাব্রিয়েল রোজারিও, সদস্য নং-৩৯৫ স্টাফদের স্কিল ও ক্যাপাসিটি বৃদ্ধি নিয়ে কথা বলেন।



তাছাড়া কর্মীদের মধ্যে ব্যালেন্স আনার কথাও তিনি বলেন। এছাড়া তিনি অভিযোগ বাক্স বসানো এবং ম্যাসেজ এর মাধ্যমে অভিযোগ গ্রহণ করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। এর প্রেক্ষিতে মি. অমিত ইলিয়াস স্কু সম্পাদক জানান যে, এরই মধ্যে পরামর্শ বাক্স অফিসের সামনে স্থাপন করা হয়েছে। মি. মার্শেল রংদী, সদস্য নং-২০৪ বলেন, স্টাফদের ইতিবাচক পরিবর্তন আনয়নে চ্যালেঞ্জ হিসাবে না নিয়ে উদ্যোগ হিসাবে নিলে ভালো হয়। কারণ স্টাফদের দ্বারাই উন্নয়ন সাধন করা সম্ভব। তাদেরকে চ্যালেঞ্জ হিসাবে বিবেচনা করা হলে বোর্ড ও স্টাফদেরকে মুখোমুখি দাঁড় করানোর সামিল হবে বলে তিনি মনে করেন।

প্রতিবেদনের ২৫ নং পৃষ্ঠায় গাব্রিয়েল রোজারিও, সদস্য নং-৩৯৫ কমিটিতে ব্যালেন্স আনা যায় কিনা এ নিয়ে কথা বলেন। মিস ইরা ডিব্রা, সদস্য নং-২০ সিনিয়র সদস্যদেরকে যাতে দ্রুত সার্ভিস দেওয়া হয়, সে বিষয়ে অনুরোধ রাখেন। পলাশ রেমা, সদস্য নং-২১৯ উল্লেখ করেন প্রতিবেদনে উপদেষ্টা পরিষদের নাম নেই। নাম উল্লেখ থাকলে বুঝতে সুবিধা হতো বলে মত প্রকাশ করেন।



পরিশেষে মি. মার্টিন এম. মানখিন, সদস্য নং-২০২ এর প্রস্তাব এবং মি. সমল মানখিন, সদস্য নং-৪৯৯ এর সমর্থনে ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদনটি অনুমোদিত হয়।

আলোচ্য সূচী নং-১০ঃ ঋণদান কমিটির প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন ঃ

ঋণদান কমিটির প্রতিবেদনটি উপস্থাপন করেন ঋণদান কমিটির সভাপতি মি. সিপ্রিয়ান আপার দারিং। উপস্থাপিত প্রতিবেদনের আলোকে আলোচনার জন্য সভাপতি মহোদয় সকলকে আহ্বান করেন।

উপস্থাপিত প্রতিবেদনের উপর আলোচনার জন্য আহ্বান করা হলে মি. মার্টিন এম. মানখিন, সদস্য নং-২০২ বলেন, খেলাপী ঋণের পরিমাণ অনেক। এটা খুবই আশংকাজনক। যারা খেলাপী তারা সব জায়গাতেই খেলাপী। কাজেই এক জায়গায় যে খেলাপী, তাকে ঋণ না দেয়ার প্রস্তাব রাখেন। আয়ের সাথে ব্যয় এর সঙ্গতি রেখে ঋণ প্রদান করার পরামর্শ দেন। এ সম্পর্কে সভাপতি বলেন, আমরা ইতোমধ্যে খেলাপী ঋণের শতকরা হার কমিয়ে এনেছি। আমরা দি আচিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, ঢাকা ক্রেডিট, দেমিসা ক্রেডিট ইউনিয়ন লিঃসহ বিভিন্ন সমবায়ের সাথে যোগাযোগ করে ঋণ দেওয়ার চেষ্টা করছি এবং ভবিষ্যতেও করবো। মি. পল্লব চিসিম, সদস্য নং-১৩২০ জানতে চান, খেলাপী ঋণ উত্তোলনে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে। ইতোমধ্যে ঋণদান কমিটির প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে বলে ঋণদান কমিটির সভাপতি অবহিত করেন।

ঋণ কমিটির প্রতিবেদনটি গ্রহণের জন্য প্রস্তাব করেন মি. স্বপন রংখেং, সদস্য নং-৪৬ এবং সমর্থন করেন মি. গাব্রিয়েল রোজারিও, সদস্য নং-৩৯৫। অতএব, ঋণ কমিটির প্রতিবেদনটি হাউস কর্তৃক গৃহীত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচী নং-১১ঃ আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির প্রতিবেদন উপস্থাপন ও আলোচনা ঃ

আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির আহবায়ক মি. অতুল রেমার অনুপস্থিতিতে কমিটির সদস্য মিস ফাল্গুনী চাম্বুগং নিরীক্ষা কমিটির প্রতিবেদন উপস্থাপন করেন। উপস্থাপিত প্রতিবেদনের আলোকে আলোচনার জন্য সভাপতি মহোদয় সকলকে আহ্বান করেন।

প্রতিবেদনে কোন ভুল ও আলোচনার বিষয় না থাকায় আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির প্রতিবেদনটি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচী নং-১২ঃ বার্ষিক হিসাবনিকাশ বিবরণী উপস্থাপন ও অনুমোদন (২০২৩-২৪)ঃ (ক) প্রাপ্তি প্রদান, আয়-ব্যয়, উদ্বৃত্তপত্র, লাভ লোকসান বন্টন।



মি. জেমস চিরান, কোষাধ্যক্ষ ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাপ্তি প্রদান, আয়-ব্যয়, উদ্বৃত্তপত্র, লাভ লোকসান বন্টন প্রতিবেদন উপস্থাপন করেন এবং কোষাধ্যক্ষের সকল প্রতিবেদন উপস্থাপনের পর সবগুলি প্রতিবেদন নিয়ে আলোচনা করার অনুরোধ করেন।

আলোচ্যসূচী নং-১৩ঃ নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা (২০২৩-২০২৪) অর্থবছর ও ২০২৩-২০২৪ অর্থ বছরের

মি. জেমস চিরান, কোষাধ্যক্ষ ২০২৩-২০২৪ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করেন।

আলোচ্যসূচী নং-১৪ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত আয়-ব্যয়ের বাজেট উপস্থাপন, আলোচনা ও অনুমোদন।

মি. জেমস চিরান, কোষাধ্যক্ষ ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত আয় ব্যয় ও মূলধনী বাজেট প্রতিবেদন উপস্থাপন করেন।

আলোচ্যসূচী নং-১৫ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের সম্পূরক বাজেট আলোচনা ও অনুমোদন।

মি. জেমস চিরান, কোষাধ্যক্ষ ২০২৩-২০২৪ অর্থ বছরের সম্পূরক বাজেট প্রতিবেদন উপস্থাপন করেন।

উপস্থাপিত বার্ষিক হিসাব বিবরণী উপস্থাপন ও অনুমোদন (২০২৩-২০২৪) ঃ (ক) প্রাপ্তি-প্রদান, আয়-ব্যয়, উদ্বৃত্তপত্র, লাভ লোকসান বন্টন হিসাব। ২০২৩-২০২৪ অর্থবছর নিরীক্ষা প্রতিবেদন ও নিরীক্ষা প্রতিবেদনের সংশোধনী। ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত আয়-ব্যয়ের বাজেট ও ২০২৩-২০২৪ অর্থ বছরের সম্পুরক বাজেট প্রতিবেদনের আলোকে আলোচনার জন্য আহ্বান করা হলে, আলোচনায় অংশ নিয়ে জমি ক্রয় ও মেগা প্রজেক্ট খুব দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেন মি. ইউনূস সাংমা, সদস্য নং-৪৯৩, তা না হলে রিস্ক বা ঝুঁকি থেকে যাবে বলেও তিনি উল্লেখ করেন। উত্তরে মি. প্রশান্ত নাফাক, সভাপতি জানান যে, এটি বাস্তবায়নে আমরা জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি এবং অনেক দূর এগিয়েও গেছি, তবে সিটি কর্পোরেশনসহ অন্যান্য প্রতিষ্ঠানের অনুমোদনের প্রয়োজন বিধায় সময় লাগছে।



মি. জেভিয়ার চিসিম, সদস্য নং-৯৭৭ বড়দিনের ব্যয় কেন এত বেশী হয়েছে জানতে চান। কোষাধ্যক্ষ মি. জেমস চিরান জানান অবহিত করেন যে, বিগত সাধারণ সভায় সম্মানিত সদস্য/সদস্যাদের মতামতের ভিত্তিতে অনুমোদিত বাজেট থেকে মাত্র ৮৯.৭৩ শতাংশ খরচ করা হয়েছে।

মি. ইঞ্জয় চাম্বুগং, সদস্য নং-৯১০ বলেন যে, ৪২তম বাষির্ক সাধারণ সভার প্রতিবেদন সুন্দর হয়েছে। তবে আর্থিক প্রতিবেদনে ২ (দুই) বছরের খরচ পাশাপাশি দিলে ভালো হতো বলে মত প্রকাশ করেন। অন্যদিকে মি. পলাশ হালদার, সদস্য নং-৩৭ জানতে চান, তছরূপকৃত টাকার কি ব্যবস্থা নেওয়া হয়েছে। উত্তরে মি. জেমস চিরান, কোষাধ্যক্ষ জানান যে, বিষয়টি নিয়ে এরই মধ্যে অনেকবার বসা হয়েছে, কিন্তু কোন অগ্রগতি হয়নি। অর্থ তছরুপের ঘটনাটি এরই মধ্যে ১৫ বছর পেরিয়ে গেছে, এ পর্যন্ত কোন মামলা করা হয়নি। ১৫ বছর পর তাও এখন আর সম্ভব নয়। অন্যদিকে বিগত বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুসারে বছর বছর সমন্বয় করা হচ্ছে বলে জানানো হয়। মি. পলাশ হালদার, সদস্য নং-৩৭ মাইক্রোবাসের খরচ বাদ দিলে লাভ থাকে না বলে মত প্রকাশ করেন।



দীর্ঘ আলোচনা শেষে উপস্থাপিত প্রতিবেদনগুলি গ্রহণের জন্য মি. পল্লব চিসিম, সদস্য নং-১৩২০ প্রস্তাব করেন ও মিস ক্লারা চাম্বুগং, সদস্য নং-১৩৫০ সমর্থন করেন। অতঃপর প্রতিবেদনগুলি হাউস কর্তৃক একসাথে গৃহীত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচী নং-১৬ঃ প্রস্তাবনা সমূহ আলোচনা ও অনুমোদন।

মি. তিতুস হাচ্ছা, সহ-সভাপতি, সম্পাদক মি. অমিত ইলিয়াস স্কু ও মি. লিটন মৃ, পরিচালক প্রস্তাবনা সমূহ উপস্থাপন করেন।

প্রস্তাবনা সমূহ

১। সাধারণ ঋণ ব্যতীত অন্যান্য সকল বিশেষ ঋণ (ফ্ল্যাট ক্রয়, গৃহ-নির্মাণ, জমি/গাড়ী ক্রয় ও ব্যবসা) এর ক্ষেত্রে সুদের হার ১৪% কার্যকর করা।

২. সাধারণ ঋণের সিলিং, কিস্তি ও জামিনের সংখ্যা বৃদ্ধি।

৩. উচ্চ ও পেশাগত শিক্ষা ঋণের সুদের হার ১২% কার্যকর করা।

৪. সিইও এর পদ স্থায়ী করণের পরিবর্তে চুক্তিভিত্তিক করা।

৫. উপ-আইনের সংশোধনী আনয়ন।

৬. চাকুরী বিধিমালা আপডেট (চাকুরীর বয়স, ছুটি, পদন্নোতি ইত্যাদি)

৭. বিনিয়োগঃ

ক) মাল্টি-পারপাস হাই-রাইজ (১৪ তলা) বিল্ডিং নির্মাণ ও ফ্ল্যাট বিক্রয়

খ) নতুন জমি ক্রয় ও প্লট আকারে বিক্রয়

গ) প্রাইভেটকার ক্রয়।



মি. তিতুস হাচ্চা, সহ-সভাপতি , ১নং প্রস্তাবনা, মি. লিটন মৃ, পরিচালক ৩নং প্রস্তাবনা এবং সম্পাদক মি. অমিত ইলিয়াস স্কু অন্যান্য প্রস্তাবনা সমূহ উপস্থাপনা করেন এবং সেইসাথে প্রস্তাবনা সমূহের স্বপক্ষে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে যুক্তিসমূহ উপস্থাপন করেন।

উপস্থাপিত প্রতিবেদন সমূহের উপর আলোচনার আহ্বান করা হলে নিম্নোলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:



১নং প্রস্তাবনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

সাধারণ ঋণ ব্যতীত অন্যান্য ঋণের মুনাফার হার ১৪% করার প্রস্তাবের প্রেক্ষীতে মি. ইউনূস সাংমা, সদস্য নং-৪৯৩ অন্যান্য ঋণের মুনাফা ঋণের মুনাফার হার ১২%, সদস্য নং-৪৯৯ মি. সমল মানখিন ১২% এবং মি. খোকন রিছিল, সদস্য নং-১৮২৬ ১২% করার প্রস্তাব করেন। অন্যদিকে গৃহ নির্মাণ ঋণের সুদ ১৪% করার জন্য প্রস্তাব করেন মি. সেকেন্দ্র লাল, সদস্য নং-৬৭। পরবর্তীতে আলোচনা শেষে হাউসের পক্ষ থেকে হাত উত্তোলনের মাধ্যমে ১২% বলবৎ রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।

২নং প্রস্তাবনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

সাধারণ ঋণের ১ম সিলিং ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকার স্থলে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পরিশোধের মেয়াদ ৩৬ (ছত্রিশ) কিস্তি এবং সর্বোচ্চ সিলিং ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকার স্থলে ১৫,০০,০০০ (পনের) লক্ষ টাকা এবং পরিশোধের মেয়াদ ১২০(একশত বিশ) কিস্তি সর্বসম্মতিতে অনুমোদিত হয়। অন্যদিকে প্রস্তাবিত জামিন ১০ জন সর্বসম্মতিতে অনুমোদন করা হয়।

৩নং প্রস্তাবনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

উচ্চ ও পেশাগত ঋণের মুনাফার হার ৯% এর স্থলে ১২% করার প্রস্তাবের প্রেক্ষিতে সদস্য নং-১৫২ মি. অরন্য ই. চিরান ১০% ও সদস্য নং-১৮৮২ মি. হেনরী ইনক দাশ ৫% করার জন্য প্রস্তাব রাখেন। তাছাড়া যাচাই বাছাই এর মাধ্যমে যেন উচ্চ ও পেশাগত শিক্ষা ঋণ প্রদান করা হয়। এ ব্যাপারে সদস্য নং-১১৪৩ মি. হিল্টন দাশ ব্যবস্থাপনা কমিটির/বোর্ডের দৃষ্টি আকর্ষণ করে বলেন, মেধাবী অস্বচ্ছল ছেলে মেয়েদের যেন ক্রাইটেরিয়ায় আনা হয় এবং যাদের গাড়ী বাড়ী আছে তাদেরকে এই ঋণের আওতায় না রাখার প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে দীর্ঘ আলোচনা করা হয় এবং আলোচনা শেষে হাউস কর্তৃক হাত উত্তোলনের মাধ্যমে ৯% এবং পরবর্তীতে উচ্চ ও পেশাগত শিক্ষা ঋণের পরিবর্তে শুধুমাত্র "উচ্চ শিক্ষা ঋণ" করার প্রস্তাবনা গৃহীত হয়। সেইসাথে উক্ত ঋণের নীতিমালাটি ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে পুনরায় রিভিও করে চূড়ান্ত করার সিদ্ধান্ত অনুমোদিত হয়।

৪নং প্রস্তাবনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

সিইও এর পদ স্থায়ীকরণের পরিবর্তে চুক্তি ভিত্তিক করার প্রস্তাবে মি. মার্শেল রংদী জানতে চান যে, বর্তমান সিইও তো স্থায়ী, তাহলে চুক্তিভিত্তিক নীতি কি তার অবসরের পর কার্যকর হবে?



উত্তরে মি. প্রশান্ত নাফাক, সভাপতি বলেন, এজিএম/বার্ষিক সাধারণ সভার পরবর্তী বোর্ড মিটিং-এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে, কবে থেকে কার্যকরী করা যায়। সিইও পজিসনটা হলো গুরুত্বপূর্ণ পদ, তাই বর্তমান বোর্ড মনে করে পারফরমেন্স বেইজ হওয়া উচিত। যাতে করে সবাই পারফমেন্স দেখানোর চেষ্টা করে। আমরা কোন ব্যক্তিকে নয় বরং পজিশনকে ফোকাস দিচ্ছি। আমরা তিন বছরের জন্যে চুক্তি করব এবং পরবর্তীতে পারফমেন্স অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে।মি. মার্টিন এম মানখিন বলেন, যোগ্যতা ও পারফরম্যান্স অনুযায়ী সিইওর চাকুরী থাকবে। পরবর্তীতে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সিইও এর পদ চুক্তি ভিত্তিক করা হলে সর্বোচ্চ ৩ বছর মেয়াদী করা হবে।

৫নং প্রস্তাবনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

অডিটরের সুপারিশ অনুযায়ী "ঋণ কার্যক্রমকে" লক্ষ্য ও উদ্দেশ্যতে অন্তর্ভুক্ত করা। পরিদর্শন কমিটির বিলুপ্তি ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির নীতিমালা অন্তর্ভুক্ত করা এবং সিইও এর পরিবর্তীত কার্যাবলী উপ-আইনে উল্লেখপূর্বক সংশোধন করার জন্য সর্ব সম্মতিক্রমে অনুমোদন হয়।

৬নং প্রস্তাবনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

বিশেষ কমিটি গঠনের মাধ্যমে বিধিমালাতে চাকুরীর সর্বোচ্চ বয়স বা অবসরের বয়স নির্ধারণ করা, পদোন্নতির ব্যবস্থা বা পদায়নের সুযোগ সৃষ্টি করা, স্টুডেন্ট ভলান্টিয়ারসহ সকল স্টাফের ছুটি সংক্রান্ত বিষয়াদি স্পষ্টভাবে উল্লেখ করা, বেতন কাঠামো পূণর্মূল্যায়ণ করা, আচরণবিধি সংযোজন করা প্রভৃতি বিষয়সমূহ নিয়ে চাকুরী বিধিমালা আপডেট করার জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৭নং প্রস্তাবনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তঃ

ক) **মাল্টি-পারপাস হাই-রাইজ (১৪ তলা) বিল্ডিং নির্মাণ ও ফ্ল্যাট বিক্রয়ঃ** বিষয়টি নিয়ে আলোচনা করা হয় এবং আলোচনা শেষে মাল্টি পারপাস হাই-রাইজ বিল্ডিং নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) **নতুন জমি ক্রয় ও প্লট আকারে বিক্রয়ঃ** জমি ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয় এবং বাস্তবতার নিরিখে এনালাইসিস করে সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাবনা গৃহীত হয়।

গ) **প্রাইভেটকার ক্রয়ঃ** বিষয়টি নিয়ে দীর্ঘ আলোচনা করা হয় এবং আলোচনা শেষে প্রাইভেটকার ক্রয়ের প্রস্তাবনাটি লাভজনক কিনা তা মার্কেট যাচাইপূর্বক হাত তোলার মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় ।



উপরোক্ত অলোচনা শেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করার জন্য মি. তিতুস হাচ্ছা, সহ-সভাপতিকে আহ্বান জানান।

অত:পর মি. তিতুস হাচ্ছা, সহ-সভাপতি সভায় উপস্থিত সকলকে এবং সকলের সহযোগীতার জন্য বোর্ডের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে কারিতাস ময়মনসিংহ আঞ্চলিক অফিসের ভ্যানু ব্যবহারের সুযোগ দানের জন্য কারিতাস ময়মনসিংহ অঞ্চলের পরিচালককে ধন্যবাদ জানান এবং ৪২ তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

র‍্যাফেল ড্র ঃ লটারী/র‍্যাফেল ড্র পরিচালনা করেন মি. লিটন মৃ, বোর্ড পরিচালক, লটারী কমিটির আহ্বায়ক সাথে সহযোগিতা করেন কমিটির অন্যান্য সদস্যবৃন্দ। লটারীতে সর্বমোট ৮০ টি পুরস্কার প্রদান করা হয়, যার মধ্যে ১ম পুরস্কার লাভ করেন মিস স্বপ্না দাংগ, সদস্য নং-৫৭৩ এবং ২য় পুরস্কার লাভ করেন মিস নমিতা বাড়ৈ, সদস্য নং-১৫০৩।

মি. পরিতোষ বনোয়ারী	**মিস সুইটি রেমা**	**অমিত ইলিয়াস স্কু**	**প্রশান্ত নাফাক**
সদস্য নং- ১০৮৬	সদস্য নং- ৫৫২	সম্পাদক	সভাপতি
কার্যবিবরণী রক্ষক	কার্যবিবরণী রক্ষক	ব্যবস্থাপনা কমিটি	ব্যবস্থাপনা কমিটি

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

আলোচ্য সূচীঃ ১০

৪৩তম বার্ষিক সাধারণ সভা
ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদন ২০২৩-২০২৪ অর্থবছর

সম্মানিত সমবায়ী ভাই-বোনেরা

খ্রীষ্টিয় শুভেচ্ছা গ্রহণ করুন।



৪৩তম বার্ষিক সাধারণ সভায় সর্বপ্রথমেই পিতা ঈশ্বরকে তাঁর অপরিসীম আশীর্বাদের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। সেই সাথে ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে আপনাদের সবাইকে সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা জানাচ্ছি। সমবায়ের শক্তি হলো পারস্পরিক বিশ্বাস, সহযোগিতা এবং সম্মিলিত অগ্রযাত্রা। এই চেতনাকে ধারণ করে ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ দীর্ঘদিন ধরে সদস্যদের আর্থিক নিরাপত্তা, সদস্যদের সঞ্চয় বৃদ্ধিসহ টেকসই উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। তাছাড়া সদস্য সংখ্যা, শেয়ার, সঞ্চয়সহ মূলধন বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন খাতে ঋণ বিতরণ, সম্পদ বৃদ্ধি, অবকাঠামোগত উন্নয়ন, দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং সামাজিক কার্যক্রম বাস্তবায়নের মধ্যমে প্রতিষ্ঠানটি আরও শক্তিশালী ভিত্তির দিকে অগ্রসর হচ্ছে। নিম্নে ২০২৪-২০২৫ অর্থবছরের কার্যক্রম, অর্জন ও অভিজ্ঞতার সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হলো।

বিভিন্ন সফল কার্যক্রম ও অর্জনসমূহ:

২০২৪-২০২৫ অর্থবছরে বর্তমান বোর্ডের বিভিন্ন সফলতা ও অর্জন রয়েছে, নিম্নে সংক্ষিপ্তাকারে সেগুলো উল্লেখ করা হলো:

১। সদস্য সংখ্যা:

প্রতিবেদনের নিম্নে উল্লিখিত সারণী-০১ এবং বার গ্রাফের বিশ্লেষণ অনুযায়ী ক্রেডিট ইউনিয়নের মোট সদস্য সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে সদস্য সংখ্যা ছিল ১৬৩৪ জন, যা ২০২৩-২০২৪ অর্থবছরে বেড়ে ১৭৮১ জন এবং ২০২৪-২০২৫ অর্থবছরে ১৮৭৪ জনে উন্নিত হয়েছে। এতে বোঝা যায় প্রতিষ্ঠানে সদস্য সংখ্যা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে এবং প্রতিষ্ঠানের কার্যক্রমে মানুষের আগ্রহ বজায় রয়েছে।

সারণী-০১

বিবরণ	৩০ জুন ২০২৩ পর্যন্ত	৩০ জুন ২০২৪ পর্যন্ত	৩০ জুন ২০২৫ পর্যন্ত
মোট সদস্য	১৬৩৪	১৭৮১	১৮৭৪
নতুন ভর্তি	১১৬	১৬২	১২৪
প্রত্যাহার	৩৪	১৫	৩১

বার গ্রাফ



২। মূলধন এবং সম্পদের তথ্য:


নিম্নে সারণী-০২ এবং বার গ্রাফ উপস্থাপিত তথ্য অনুযায়ী ২০২১-২০২৫ সময়কালে প্রতিষ্ঠানের মূলধন এবং বিনিয়োগের পরিমাণ ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে। যা প্রতিষ্ঠানের আর্থিক স্থিতিশীলতা, তহবিল সংগ্রহের সক্ষমতা এবং ভবিষৎ কার্যক্রম সম্প্রসারণের সম্ভাবনাকে নির্দেশ করে।

সারণী-০২

অর্থবছর	২০২১-২০২২	২০২২-২০২৩	২০২৩-২০২৪	২০২৪-২৫
পরিমাণ (টাকা)	২৪৪,৩৩০,৮২২	২৭২,০৫৪,৯৮৫	৩২৩,৯৩৩,৯১৭	৩৬৩,৯২৭,৬৫৭

বার গ্রাফ

অর্থবছর ভিত্তিক মূলধন এবং সম্পদ বৃদ্ধির চিত্র




৩। ঋণ বিতরণ:

নিম্নে সারণী-০৩ এবং বার গ্রাফের মাধ্যমে অর্থবছর ভিত্তিক ঋণ বিতরণের একটি চিত্র তুলে ধরা হলো।

সারণী-০২

অর্থবছর	২০২০-২০২১	২০২১-২০২২	২০২২-২০২৩	২০২৩-২০২৪	২০২৪-২৫ অর্থবছর
ঋণ গ্রহণকারী (জন)	৩১৩	৩৩২	৪২২	৩০৮	৪১০
ঋণের পরিমাণ (টাকা)	৩৬,৬৯৭,৪০০	৫১,৮৮৭,৮৪৮	৭৪,৩৫০,৪০২	৪২,৭৫৪,০০০	৫৮,১৫৯,৩০০

বার গ্রাফ



৪। জমি ক্রয় ও বহুতল ভবনের প্রক্রিয়া শুরু:
পূর্ববর্তী ১১.৭২ শতাংশ এর সাথে আরো দুই ধাপে ৮.১৮ শতাংশ ও ০.৮ শতাংশ জমি ফ্ল্যাট প্রকল্পের জন্য ক্রয় করা হয়েছে। দুই ধাপে ৮.১৮ শতাংশ ও ০.৮ শতাংশ জমি ক্রয় করে সাব-কবলা রেজিষ্ট্রি করা হয়েছে। সেই সাথে নামজারী করে হাল নাগাদ করা হয়েছে।
উল্লেখিত সম্পূর্ণ জমিতে বি+জি+১২ তলা ভবন নির্মাণ করার অন্যান্য কাজ করার প্রক্রিয়া গত বছর হতেই শুরু করা হয়েছে (যেমন- কনসালট্যান্ট ও ডিজাইন ফার্ম নিয়োগ সম্পন্ন করা হয়েছে)। তাছাড়া ইতিমধ্যেই ১৪ তলা ভবন নির্মাণের জন্য ড্রইং ডিজাইন নির্দিষ্ট সময়ের মধ্যে নক্সা তৈরী/প্রস্তুত করা হয়েছে এবং "ফায়ার ফাইটিং ও ইলেক্ট্রিক সাব-স্টেশন" এর অনুমোদন পাওয়া গিয়েছে। বর্তমানে সিটি করপোরেশন অনুমোদন গ্রহণের প্রক্রিয়া চলমান আছে।

৫। অফিস ডেকোরেশন ও কাজের পরিবেশ বৃদ্ধি:
ইতিমধ্যেই ক্যাশ কাউন্টারের সামনের অংশে বিদ্যমান দেয়াল খুলে সদস্যদের বসার জন্য যথেষ্ট পরিমাণ জায়গা করে দেয়া হয়েছে। বর্তমানে সেখানে আগত সদস্যগণ সাবলীলভাবে বসতে পারেন ও নিজেদের লেন-দেন সম্পন্ন করতে পারেন। সেই সাথে ঋণ সেবা আরো বেগবান করার উদ্দেশ্যে অফিস সম্প্রসারণ করে লোন অধিদপ্তরকে পৃথক রুম প্রদান করা হয়েছে।
শুধু তাই নয়, সদস্যদের অধিক সেবা নিশ্চিতের লক্ষ্যে একটি "হেল্প ডেস্ক" শুরু করার পরিকল্পনা ইতিমধ্যে নেয়া হয়েছে এবং সে মোতাবেক কাজ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৬। পরিবর্তিত সময় সূচিতে অফিসের কার্যক্রম পরিচালনা:
গত বছরের সিদ্ধান্ত মোতাবেক ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর কার্যক্রম রবিবারে বন্ধ রাখা হচ্ছে এবং শুক্রবারে চালু রাখা হয়েছে। এই উদ্যোগ ইতিমধ্যেই বিভিন্ন সদস্যদের নিকট প্রশংসিত ও ইতিবাচক সাড়া পাওয়া গিয়েছে। নিম্নে ছকের মাধ্যমে অফিসের লেনদেনের সময়সূচী পুনরায় উল্লেখ করা হলো:

বার	সকাল	বিকাল
সোমবার থেকে বৃহস্পতিবার	০৯:৩০-১:০০	২:৩০-৬:৩০
শুক্রবার	০৯:৩০-১:০০	২:৩০-৫:৩০
শনিবার	০৯:৩০-১:০০	বন্ধ
রবিবার	বন্ধ	বন্ধ

৭। স্টাফদের Individual Performance মূল্যায়ন:
সকল স্টাফদের পেশাদার আচরণ বৃদ্ধি ও কাজের দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে বোর্ড সদস্যদের দ্বারা গঠিত একটি বিশেষ টিম প্রত্যেক স্টাফদের পৃথক পৃথক পারফরম্যান্স মূল্যায়ণ করা হয়েছে এবং মূল্যায়নের মাধ্যমে চিহ্নিত স্টাফদের দুর্বল দিকগুলো উন্নয়নের জন্য সংশ্লিষ্ট স্টাফকে নির্দেশনা পত্র প্রদান সহ অফিস কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৮। স্টাফদের "দক্ষতা বৃদ্ধিতে" বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি:
স্টাফদের পেশাদার দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে বোর্ড নিয়মিত বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ভিন্ন ভিন্ন স্টাফদের প্রেরণ করছেন। এর মধ্যে বিশেষ উল্লেখযোগ্য - ভ্যাট ও আয়কর বিষয়ক প্রশিক্ষণ, ঋণ পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ ইত্যাদি।

৯। সামাজিক ও ধর্মীয় কাজে সহযোগিতা প্রদান:
অন্যান্য বছরের ন্যায় বিগত অর্থ বছরে সমিতি বিভিন্ন সামাজিক ও ধর্মীয় কাজে অংশগ্রহণ ও আর্থিক সহযোগিতা প্রদান করেছে, যেমন - ওয়ানগালা অনুষ্ঠান, খ্রীষ্টরাজার পর্ব, বারমারী তীর্থ, যাজক বরণ অনুষ্ঠান ইত্যাদি। এছাড়াও বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে বিভিন্ন শিক্ষা ও সামাজিক সংগঠনগুলোকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

১০। বিশেষ "সেবাকাল" পরিচালনা:
বিগত ২৯ এপ্রিল ২০২৫ খ্রীষ্টাব্দ থেকে ২৫ জুন ২০২৫ খ্রীষ্টাব্দ তারিখ পর্যন্ত "সেবাকাল" ঘোষনা করায় ১৯ জন সদস্য/সদস্যা সেবাকালের সেবা গ্রহণ করেছেন। অন্যদিকে ১৩ জন সদস্য/সদস্যা খেলাপী থেকে নিয়মিত হয়েছেন।

১১। শিক্ষা সেমিনারঃ
শিক্ষা উপ-কমিটির সার্বিক সহায়তা ও ব্যবস্থাপনায় বিগত ১৪ জুন ২০২৫ খ্রীষ্টাব্দ তারিখে ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন এর কেন্দ্রীয় কার্যালয় মিলনায়তনে ৫০ জন যুবক যুবতীদের সঞ্চয়ী মনোভাব বৃদ্ধি ও সংস্কৃতি বিষয়ক সচেতনতামূলক দিনব্যাপী সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সভাপতি মি. প্রশান্ত নাফাক,

কোষাধ্যক্ষ (কো-অপ্ট) মি. কল্যাণ রেমা, বোর্ড পরিচালক মিসেস সূচনা রুরাম এবং সিইও মি. প্রদীপ কুমার রুরাম উপস্থিতি ছিলেন।

১২। উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক বিশেষ কর্মশালাঃ

নারী ও শিশু উন্নয়ন উপ-কমিটি সদস্যদের সার্বিক সহায়তা এবং ব্যবস্থপনায় বিগত ২১ জুন ২০২৫ খ্রীষ্টাব্দ তারিখে হোমরিক হল, বিশপস হাউজ, ভাটিকাশর, ময়মনসিংহে আর্থিক স্বাবলম্বীতা বৃদ্ধি এবং নারী উদ্যোক্তা তৈরীর জন্য ৫০ জন নারীদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালাটির প্রথম ভাগের সহায়তাকারী/ট্রেইনার হিসাবে ছিলেন সম্পাদক মি. অমিত ইলিয়াস স্কু, সিইও মি. প্রদীপ কুমার রুরাম ও বোর্ড পরিচালক মিস সুবর্ণা পলি দ্রং। দ্বিতীয় ভাগে নারী উদ্যোক্তা বিষয়ে ট্রেইনার হিসাবে দায়িত্ব পালন করেন মিস আইনুন নাহার, সভাপতি নারী উদ্যোক্তা ফোরাম, ময়মনসিংহ। কর্মশালায় সভাপতি মি. প্রশান্ত নাফাক, সহ-সভাপতি মি. তিতুস হাচ্ছা, কোষাধ্যক্ষ (কো-অপ্ট) মি. কল্যাণ রেমা এবং বোর্ড পরিচালক মি. জেভিয়ার চিসিম প্রমুখ উপস্থিত ছিলেন।

১৩। জাতীয় সমবায় দিবস ও আন্তর্জাতিক ক্রেডিট ইউনিয়ন দিবস উদযাপনঃ

অন্যান্য বছরের ন্যায় কালব ময়মনসিংহ "ছ" অঞ্চলের উদ্যোগে আয়োজিত ৭৬তম আন্তর্জাতিক ক্রেডিট ইউনিয়ন দিবস উপলক্ষে ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ র‍্যালী ও আলোচনা সভায় অন্যান্য ক্রেডিট ইউনিয়নের সাথে অংশগ্রহণ করে এবং ময়মনসিংহ বিভাগীয় সমবায় কার্যালয়ের উদ্যোগে আয়োজিত ৫৪তম জাতীয় সমবায় দিবসে অন্যান্য সমবায় সমিতির সাথে সক্রিয় অংশগ্রহণ করে।



১৪। সমঝোতা স্মারক চুক্তি সম্পাদনঃ

ময়মনসিংহে বিদ্যমান সমমনা খ্রীষ্টান আর্থিক প্রতিষ্ঠান 'দি আচিক কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ' এবং 'ফ্রেন্ডস বহুমূখী ব্যবসায়ী সমবায় সমিতি' এর সাথে ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, ঋণ খেলাপী হ্রাস করণে যৌথ উদ্যোগ গ্রহণ এবং সমিতির প্রয়োজনে আভ্যন্তরীণ তথ্য আদান-প্রদানের উদ্দেশ্যে এক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

১৫। বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ

ক্রমিক	নাম	পদবী	কর্মশালার নাম	কর্মশালার স্থান	তারিখ	আয়োজনকারী সংস্থা
০১	অমিত ইলিয়াস স্কু	সম্পাদক	আয়কর ও ভ্যাট	কালীগঞ্জ	৫-৭ অক্টো, ২০২৫	কাক্কো
০২	প্রদীপ কুমার রুরাম	সিইও	আয়কর ও ভ্যাট	কালীগঞ্জ	৫-৭ অক্টো, ২০২৫	কাক্কো

১৬। বিভিন্ন কর্মশালায় অংশগ্রহণকারীদের নামের তালিকা:

ক্রমিক	নাম	পদবী	কর্মশালার নাম	কর্মশালার স্থান	তারিখ	আয়োজনকারী সংস্থা
০১	অমিত ইলিয়াস স্কু	সম্পাদক	ওপেন ফোরাম ও এজিএম	কক্সবাজার	২০-২৩ মার্চ, ২০২৫	কাক্কো
০২	জেমস চিরান	কোষাধ্যক্ষ	ওপেন ফোরাম	কক্সবাজার	২০-২৩ মার্চ, ২০২৫	কাক্কো
০৩	প্রদীপ কুমার রুরাম	সিইও	ওপেন ফোরাম	কক্সবাজার	২০-২৩ মার্চ, ২০২৫	কাক্কো

১৭। কোষাধ্যক্ষ কো-অপ্ট এবং উপদেষ্টা পরিষদ পুনর্গঠনঃ

বোর্ড হতে কোষাধ্যক্ষ মি. জেমস চিরান তার ব্যক্তিগত কারণে পদত্যাগ করলে কোষাধ্যক্ষের শূন্য পদে ব্যবস্থাপনা কমিটির সভায় সর্বসম্মতিক্রমে বর্তমান উপদেষ্টা কমিটির সদস্য মি. কল্যাণ রেমা (সদস্য নং-৬৪৬) কে উক্ত পদে কো-অপ্ট করা হয়। সেই সাথে উপদেষ্টা কমিটির শূন্য সদস্য পদে মিস. ইরা দিব্রা'কে উপদেষ্টা কমিটিতে যুক্ত করা হয়। বর্তমানে কমিটিতে রয়েছেন- রেভা. ফাদার বিজন কুবি, সদস্য নং-৫১০, মি. গাব্রিয়েল রোজারিও, সদস্য নং-৩৯৫ এবং মিস ইরা দিব্রা, সদস্য নং-২০। উপদেষ্টা কমিটি বিভিন্ন সভায় উপস্থিত থেকে এবং সরাসরি ও ভার্চুয়ালি বিভিন্ন বিষয়ে পরামর্শ রেখে বিশেষ অবদান রেখে চলেছেন।

১৮। অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি পুনর্গঠনঃ

মি. কল্যাণ দাস, সদস্য নং-৯৩২ এর ব্যক্তিগত সমস্যার কারণে অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি'তে যোগ না দেয়ার কারণে সদস্য মিস. গ্লোরী বিপাসা মীর, সদস্য নং-১০২৬'কে উক্ত কমিটিতে যুক্ত করা হয়। বর্তমান কমিটিতে রয়েছেন - মি. অতুল রেমা,

সদস্য নং-১৪১, মিস ফাল্গুনী চাম্বুগং, সদস্য নং-১০৮৩ এবং মিস. গ্লোরী বিপাসা মীর, সদস্য নং-১০২৬। কমিটি ইতিমধ্যে ত্রৈমাসিক হারে নিরীক্ষা কাজ সম্পাদন করছেন যা সর্বশেষ অডিটে প্রশংসিত হয়েছে।

১৯। ঋণদান কমিটি পুনর্গঠন:

মি. অলড্রিন হাউই, সদস্য নং-১২২০ তার ব্যক্তিগত সমস্যার কারণে কমিটি হতে পদত্যাগ করলে উক্ত পদে মি. সুজিত চিসিম'কে যুক্ত করা হয়। বর্তমান কমিটিতে রয়েছেন - মি. সিপ্রিয়ান আপার দারিং, সদস্য নং-১৬৬৮; মি. সুকুমার ঘাগ্রা, সদস্য নং-১৬৩ এবং মি. সুজিত চিসিম, সদস্য নং-৪২৪। কমিটি ইতিমধ্যে সফলতার সাথে তাদের কার্যক্রম পরিচালনা করছেন।

২০। স্টুডেন্ট ভলান্টিয়ার বৃদ্ধি:

সামাজিক দায়বদ্ধতা ও কর্মসংস্থান তৈরীর উদ্যোগ হিসেবে স্টুডেন্ট ভলান্টিয়ার ২ জন থেকে বৃদ্ধি করে ৪ জন নিয়োগ দেওয়া হয়েছে। যার ফলশ্রুতিতে অধিক পরিমাণ মেধাবী ছাত্র/ছাত্রী তাদের পড়াশোনা চালিয়ে যাওয়ার সুযোগ পাচ্ছে।

২১। অনলাইন জরিপ পরিচালনা:

সদস্যদেরকে সমিতির বিভিন্ন উদ্যোগের সাথে সম্পৃক্ত করার উদ্দেশ্যে ও তাদের মনোভাবকে প্রাধান্য দেয়ার উদ্দেশ্যে বর্তমান বোর্ড একটি বিশেষ অনলাইন জরিপ পরিচালনা করে। যার ফলশ্রুতিতে একটি পৃথক কর্মপরিকল্পনা গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২২। নিরীক্ষাকার্য সম্পাদন:

দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কালব্) কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষাকার্য বিগত জানুয়ারি মাসের ২৫ হতে ৩০ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত নিরীক্ষায় অত্র ক্রেডিট ইউনিয়নের আর্থিক লেনদেনের বিল, ভাউচার, রেজিষ্টার, লেজারবহি, নথিপত্র, কর্মী ব্যবস্থাপনা, বোর্ড সভা ও সিদ্ধান্তসমূহ প্রভৃতি পুংখানুপুংখভাবে অডিট/যাচাই করা হয়। উক্ত অডিটে কিছু উন্নয়নের পরামর্শ ব্যতীত অত্র ক্রেডিট ইউনিয়ন সার্বিক দিক বিবেচনায় "সক্রিয়" হিসাবে শ্রেণী বিন্যাস করা হয় এবং অত্যন্ত ইতিবাচক হিসেবে উল্লেখ করা হয়।

বিভিন্ন চ্যালেঞ্জসমূহ:

বর্তমান ব্যবস্থাপনা কমিটি নিয়মিত কার্য সমাধানের ক্ষেত্রে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলা করছে, অনেক চ্যালেঞ্জ উন্নয়নের কাজে ব্যঘাত করছে - যেগুলো সংক্ষিপ্তাকারে উল্লেখ করা হলো:

১। দীর্ঘমেয়াদী খেলাপী সমূহ আদায়:

দীর্ঘমেয়াদী খেলাপী ঋণ আদায় প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠানের জন্যই চ্যালেঞ্জিং। বর্তমান কমিটি দায়িত্ব গ্রহণের পর থেকে চেষ্টা করে যাচ্ছে বিভিন্ন উপায় অবলম্বনের মাধ্যমে এসকল খেলাপী ঋণ আদায় ত্বরান্বিত করা। সেই লক্ষ্যে চিঠি দেয়ার পাশা-পাশি ইনডিভিজুয়াল প্রত্যেকের সাথে ফোনালাপ করা হচ্ছে এবং একটি বিশেষ টিম গঠনের মাধ্যমে বাড়ি ভিজিটের মাধ্যমে তাদের লোন পরিশোধের ভবিষ্যত পরিকল্পনা জানার চেষ্টা করা হচ্ছে। শুধু তাই নয়, ইতিমধ্যে লোন অফিসারদের পাশা-পাশি অন্যান্য স্টাফ ও বোর্ড সদস্যদের সমন্বয়ে গ্রুপ হিসেবে বিভিন্ন গ্রাম পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। ইতিবাচক/ গঠনমূলক মূল্যায়ন/ সমালোচনা পাওয়া এবং লিখিত অভিযোগ পাওয়া:

বর্তমান ব্যবস্থাপনা কমিটি স্বচ্ছতা ও জবাবদিহীতা প্রতিষ্ঠার জন্য বদ্ধ পরিকর। সে লক্ষ্যে বিভিন্নভাবে সদস্যদের কাছ থেকে ইতিবাচক সমালোচনা ও গঠনমূলক পরামর্শ আদায়ে চেষ্টা চালিয়ে যাচ্ছে। কিন্তু বোর্ডের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো কারো কাছ থেকে লিখিত কোন অভিযোগ বা পরামর্শ আদায় করা, যার উপর ভিত্তি করে অফিসিয়াল পদক্ষেপ গ্রহণ করা যায়।

ভবিষ্যত কর্ম পরিকল্পনা:

বর্তমান ব্যবস্থাপনা কমিটি ইতিমধ্যেই বিভিন্ন প্রগতিশীল ও যুগোপযোগী পরিকল্পনা গ্রহণ করেছে, তার মধ্য থেকে উল্লেখযোগ্য কিছু পরিকল্পনা সকলের জ্ঞাতার্থে তুলে ধরা হলো:

০১। বহুতল ও বহুমূখী ভবন নির্মাণ শুরু করা।

০২। ডিজিটাল সেবা উন্নয়ন।

০৩। অধিকতর মানুষের কর্মসংস্থান তৈরির উদ্যোগ গ্রহণ।

০৪। স্টাফদের দক্ষতা বৃদ্ধি ও ইতিবাচক পরিবর্তন আনয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

০৫। নতুন সদস্য সংগ্রহ অভিযান পরিচালনা করা।

০৬। পরিবেশ সংরক্ষণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ও সমমনা প্রতিষ্ঠানদের সহযোগিতা।

০৭। বেকার যুবক/ যুবতীদের বিশেষ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সহযোগিতা।

০৮। ফাষ্ট ফুড/কেক তৈরীর প্রশিক্ষণ এর আয়োজন করা।

০৯। অর্থনৈতিক শিক্ষা ও সচেতনতা মূলক বিভিন্ন সেমিনার ও কর্মশালার আয়োজন করা।

১০। বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান কার্যক্রম গ্রহণ করা।

১১। সমিতির বিভিন্ন কার্যক্রমে ব্যবস্থাপনা কমিটি ও বিভিন্ন উপ-কমিটির বাইরের সদস্যদের সম্পৃক্ত করা এবং সকলের মেধাকে কাজে লাগানোর বাস্তব পদক্ষেপ গ্রহণ।

১২। চাকুরীর বিধীমালা আপডেট করণ (নিজস্ব সম্পদ কাজে লাগানো, সদস্যদের মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে 'মানব সম্পদ' বিভাগে ও 'পরিচালক' পদে কর্মরত ব্যক্তিদের সহযোগীতা নেওয়া)।

১৩। সিইও পজিশনের পাশা-পাশি আরো কিছু সাপোর্টিভ পদ সৃষ্টি করা।

আমরা আশা ও বিশ্বাস করি, আপনারা যদি আমাদের পাশে থাকেন ও সার্বিক সহযোগিতা করেন তাহলে সকল বাধা-বিপত্তি অতিক্রম করে অর্থনৈতিক প্রবৃদ্ধির দিকে আমরা এই সমিতিকে আরো এগিয়ে নিতে পারবো।

আপনাদের সদয় অবগতির জন্য বর্তমান ব্যবস্থাপনা কমিটি, উপ-কমিটি ও স্টাফবৃন্দের নামের লিস্টসহ বিভিন্ন তথ্য ছকের মাধ্যমে দেওয়া হলোঃ

বর্তমান ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দের নাম ও পদবীঃ

ক্রমিক নং	নাম	সদস্য নম্বর	পদবী
১	মি. প্রশান্ত নাফাক	১৫১৬	সভাপতি
২	মি. তিতুস হাচ্ছা	৯৩৪	সহ-সভাপতি
৩	মি. অমিত ইলিয়াস স্কু	৯০৯	সম্পাদক
৪	মি. কল্যাণ রেমা (কো-অপ্ট)	৬৪৬	কোষাধ্যক্ষ
৫	মিস চন্দ্রিকা মানখিন	৬৩৯	পরিচালক
৬	মিস সুবর্ণা পলি দ্রং	৫৭৫	পরিচালক
৭	মি. লিটন মৃ	৩৭৫	পরিচালক
৮	মিস সূচনা রুরাম	১০১৯	পরিচালক
৯	মি. জেভিয়ার চিসিম	১৩৭২	পরিচালক

ঋণদান কমিটিঃ

ক্রমিক নং	নাম	সদস্য নম্বর	পদবী
১	সিপ্রিয়ান আপার দারিং	১৬৬৮	সভাপতি
২	মি. সুকুমার ঘাগ্রা	১৬৩	সম্পাদক
৩	মি. সুজিত চিসিম	৪২৪	সদস্য

অভ্যন্তরিন নিরীক্ষা কমিটিঃ

ক্রমিক নং	নাম	সদস্য নম্বর	পদবী
১	মি. অতুল রেমা	১৪১	আহ্বায়ক
২	মিস ফাল্গুনি চাম্বুগং	১০৮৩	সদস্য
৩	মিস গ্লোরী বিপাসা মীর	১২০৬	সদস্য

শিক্ষা কমিটিঃ

ক্রমিক নং	নাম	সদস্য নম্বর	পদবী
১	মিস সূচনা রুরাম	১০১৯	আহ্বায়ক
২	মিস প্রহেলীকা বেলা	১৬৯৩	সদস্য
৩	মিস বিপাসা মানখিন	১৮১৬	সদস্য
৪	মি. রুবেল বাজি	১৭৯৯	সদস্য
৫	মি. জসিম নকরেক	১৬৪০	সদস্য

নারী ও শিশু উন্নয়ন কমিটিঃ

ক্রমিক নং	নাম	সদস্য নম্বর	পদবী
১	মিস সূবর্না পলি দ্রং	৫৭৫	আহ্বায়ক
২	মিস দীপারুলী দিও	৬৮৭	সদস্য
৩	মিস মুন্নি দাস	৯৫৮	সদস্য
৪	মিস. রুমা থিগীদি	১৭৯৫	সদস্য
৫	মি. বাদল সরকার	০৯১	সদস্য

ক্রয় কমিটি:

ক্রমিক নং	নাম	পদবী
১	মি. তিতুস হাচ্ছা	আহ্বায়ক
২	মি. অমিত ইলিয়াস স্কু	সদস্য
৩	মি. কল্যাণ রেমা	সদস্য
৪	মিস চন্দ্রিকা মানখিন	সদস্য
৫	মি. প্রদীপ কুমার রুরাম	সদস্য সচিব

বর্তমান অফিস স্টাফঃ

ক্রমিক নং	নাম	সদস্য নম্বর	পদবী
০১	মি. প্রদীপ কুমার রুরাম	১৯২	প্রধান নির্বাহী কর্মকর্তা
০২	মিসেস মুক্তা চাম্বুগং	১৮৫	উর্ধ্বতন হিসাবরক্ষক
০৩	মিসেস মনোরমা রেমা	১৪২	হিসাবরক্ষক
০৪	মি. বিজন আসাক্রা	৪২৮	সহকারী ঋণ কর্মকর্তা
০৫	মিস তরী রাকসাম	১৯২০	সহকারী ঋণ কর্মকর্তা
০৬	মিসেস সীমা আরেং	১২৩	সহকারী ক্যাশিয়ার
০৭	মিস খ্রীষ্টিনা আরেং	১৩৭১	সহকারী ক্যাশিয়ার
০৮	মি. অসীম মানখিন	২১১৪	অফিস সহকারী
০৯	মি. পিদিম চিরান	১১৭৬	ড্রাইভার
১০	মি. দিগন্ত চিসিম	১৯৯৪	স্টুডেন্টস ভলান্টিয়ার
১১	মিস মীমা ম্রং	২০৬৪	স্টুডেন্টস ভলান্টিয়ার
১২	মিস শান্তি খ্রীষ্টিন গ্রেগরী	১৮৩৬	স্টুডেন্টস ভলান্টিয়ার
১৩	মিস প্রাপ্তি দালবৎ	২১০৬	স্টুডেন্টস ভলান্টিয়ার

উপসংহার

সদস্যদের আস্থা, নেতৃত্বের দুরদর্শিতা এবং কর্মকর্তা-কর্মচারীদের নিষ্ঠা সবার সম্মিলিত প্রচেষ্টাতেই আমাদের প্রিয় এই ক্রেডিট ইউনিয়নের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে। ভবিষ্যতেও সমবায়ের আদর্শকে সামনে রেখে কল্যাণ, আর্থিক উন্নয়ন এবং সমাজিক অগ্রগতির পথে প্রতিষ্ঠানটি এগিয়ে যাবে এই আশাবাদ ব্যক্ত করে ব্যবস্থাপনা কমিটির প্রতিবেদন এখানেই শেষ করছি। সমবায়ের জয় হউক।

ধন্যবাদান্তে-

অমিত ইলিয়াস স্কু
সম্পাদক
ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

প্রশান্ত নাফাক
সভাপতি
ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

আলোচ্য সূচীঃ ১১

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ঋণদান কমিটির প্রতিবেদন ২০২৪-২০২৫ অর্থবছর

সম্মানীত সমবায়ী ভাই ও বোনেরা



ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-এর ঋণদান কমিটির পক্ষ থেকে সকল সদস্যকে জানাই খ্রীষ্টিয় প্রেম ও শুভেচ্ছা। আপনাদের সহযোগিতায় বিগত আর্থিক বছরে আমরা ঋণদান কমিটির কার্যক্রম ভালোভাবে পরিচালনা করতে সক্ষম হয়েছি তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। আপনাদের ইতিবাচক মনোভাব ও সক্রিয় অংশগ্রহণের কারণেই এ প্রতিষ্ঠানের কার্যক্রমের মাধ্যমে প্রত্যেক সদস্য/সদস্যা আর্থিক উন্নয়নের সুফল ভোগ করতে পারছে এবং শক্ত আর্থিক ভিত্তির উপর ভর করে প্রতিষ্ঠানের শ্রীবৃদ্ধি হচ্ছে। আমরা বিশ্বাস করি ও আশাবাদী আগামী দিনগুলোতে আপনাদের সুপরিকল্পিত সঞ্চয় ও বিনিয়োগের ফলে উন্নয়নের এই গতিধারা অব্যাহত থাকবে। কিন্তু এই পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য প্রত্যেক সদস্যের সঠিক ও যথাযথ আর্থিক সৃঙ্খলা বজায় রাখা প্রয়োজন।

বর্তমান ব্যবস্থাপনা কমিটি ঋণদান কার্যক্রমকে যুগপযোগী ও সদস্যবান্ধব করার জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছেন। যেমন: ঋণের সর্বোচ্চ সিলিং ১০ লক্ষ টাকা থেকে ১৫ লক্ষ টাকা বৃদ্ধি করা হয়েছে, জামিন দেয়ার সক্ষমতা ০৬ জন থেকে ১০ জনে উন্নিত করা হয়েছে। এর মাধ্যমে সমিতির সদস্যবৃন্দ ধারাবাহিকভাবে সর্বোচ্চ পরিমাণ ঋণ গ্রহণ করে তাদের পারিবারিক আয় বৃদ্ধির জন্য বিনিয়োগের সুযোগ গ্রহণ করতে সক্ষম হবেন। গৃহীত ঋণ সঠিকভাবে ব্যবস্থাপনা করতে পারলে একটি কার্যকরী অর্থনৈতিক সুফল পাওয়া সম্ভব। অনেক সদস্য ঋণ নেয়ার আগে তার প্রয়োজনীয়তা এবং পরিশোধের সক্ষমতা সঠিকভাবে মূল্যায়ন করে না, ফলে গৃহীত ঋণ তাদের জন্য সুযোগ না হয়ে বোঝা হয়ে যায় এবং দীর্ঘ সময়ে অর্থনৈতিকভাবে অসুবিধায় পড়েন। সুতরাং ঋণ গ্রহণ ও পরিশোধের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা, বাজেট প্রণয়ন, ব্যয় নিয়ন্ত্রন এবং সর্বোপরি আর্থিক সক্ষমতা বিবেচনা করা উচিত।

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: সদস্যদের জন্য ময়মনসিংহ শহরে আবাসন নিশ্চিতকল্পে ক্রেডিট টাওয়ার নামে নতুন একটি আবাসিক ভবন নির্মাণ করার জন্য কিছু প্রক্রিয়া ইতিমধ্যে সম্পন্ন করেছে। এই ভবনের নির্মাণকাজ সমাপ্ত হলে অনেক সদস্যের পরিবার জন্য স্থায়ীভাবে বিভাগীয় শহরে বসবাসের সুযোগ সৃষ্টি হবে। বিগত আর্থিক বছরে অনেক সদস্য/সদস্যা বিভিন্ন ধরণের ঋণ গ্রহণ করে এবং লাভজনক খাতে বিনিয়োগ করে তাদের আর্থিক অবস্থার উন্নয়ন করেছেন, ফলে অনেকেই উৎসাহিত হয়ে সমিতিতে নতুন সদস্য হিসাবে অর্ন্তভুক্ত হয়েছেন। ঋণদান কমিটি বিগত অর্থ বছর ২০২৪-২০২৫ সালের ১২ মাসে মোট ১২টি মাসিক মিটিং সম্পন্ন করেছে এবং আবেদনকৃত ঋণের ফরম নানাভাবে যাচাই বাছাই করে ঋণ প্রদানের সুপারিশ করেছে। বিগত ২০২৪-২০২৫ অর্থ বছরে মোট ৫,৮১,৫৯,৩০০ (পাঁচ কোটি একাশি লক্ষ উনষাট হাজার তিনশত) টাকা ঋণ বিতরণ করেছে। খাত ভিত্তিক বিতরণকৃত ঋণের তথ্য দেওয়া হলো:

ক্রমিক নং	ঋণের খাত	বিতরণকৃত ঋণের পরিমাণ		
		পুরুষ	মহিলা	মোট
০১	কৃষি	৯,৫২,০০০	৯,০৯,০০০	১৮,৬১,০০০
০২	গবাদি পশু ও হাঁস-মুরগী পালন	৩০,০০০	৯০,০০০	১,২০,০০০
০৩	শিক্ষা	৩৩,৬৬,০০০	২৯,৯৮,০০০	৬৩,৬৪,০০০
০৪	জমি ক্রয়	৫৬,০০,০০০	২৯,৮৫,০০০	৮৫,৮৫,০০০
০৫	কম্পিউটার ক্রয়	১,০০,০০০	১,০০,০০০	২,০০,০০০
০৬	আসবাবপত্র ক্রয়	৪,১০,০০০	৩,২২,০০০	৭,৩২,০০০
০৭	গাড়ী ক্রয়/মেরামত	২,৭৫,০০০	০০	২,৭৫,০০০
০৮	গৃহ সংস্কার/মেরামত	২৩,৬৬,০০০	১৮,৫৩,০০০	৪২,১৯,০০০
০৯	ব্যবসা	৪৩,৩৫,০০০	১৪,৬৫,০০০	৫৮,০০,০০০
১০	চিকিৎসা	৩০,৭১,০০০	১৩,৮৪,০০০	৪৪,৫৫,০০০
১১	বিবাহ	২,৫০,০০০	২,৫০,০০০	৫,০০,০০০
১২	সাবমারসিবল পাম্প স্থাপন	২,০০,০০০	০০	২,০০,০০০
১৩	গৃহ নির্মাণ	৩৮,৭৫,০০০	৩১,১৮,০০০	৬৯,৯৩,০০০
	মোট	২,৪৮,৩০,০০০	১,৫৪,৭৪,০০০	৪,০৩,০৪,০০০

ক্রমিক নং	ঋণের খাত	বিতরণকৃত ঋণের পরিমাণ		
		পুরুষ	মহিলা	মোট
০১	উচ্চ শিক্ষা	০	৬,৪৯,০০০	৬,৪৯,০০০
০২	গৃহ নির্মাণ	০	৫০,০০,০০০	৫০,০০,০০০
০৩	ফ্ল্যাট ক্রয়	০	১৫,০০,০০০	১৫,০০,০০০
০৪	এমসিডিপিএস (বিভিন্ন খাতে)	৫,২০,০০০	১০,৩৫,০০০	১৫,৫৫,৫০০
০৫	দ্বিগুন আমানত(বিভিন্ন খাতে)	২৬,২৫,০০০	৩২,২৮,০০০	৬১,৮৮,০০০
০৬	মাসিক মুনাফা সঞ্চয় (বিভিন্ন খাতে)	১৬,৫০,০০০	১৩,১২,০০০	২৯,৬২,০০০
	মোট	৪৭,৯৫,০০০	১,২৭,২৪,০০০	১,৭৮,৫৪,৫০০

৩০শে জুন ২০২৫ পর্যন্ত স্থিতি ১৩,৯১,৪৬,৮৫৮ (তের কোটি একানব্বই লক্ষ ছেচল্লিশ হাজার আটশত আটান্ন) টাকা মাত্র। আপনাদের অবগতির জন্য কিস্তি ও মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপীর তালিকা আলাদাভাবে সংযুক্ত হরা হলো। সময়মত ঋণের কিস্তি পরিশোধ করা প্রত্যেক সদস্যের নৈতিক দায়িত্ব। ঋণ সম্পর্কে বাইবেলের বাক্য বলে (রোমীয় ১৩:৮) "একে অপরকে প্রেম করার ঋণ ছাড়া অন্য কোন ঋণ বাকি রাখা উচিত নয়"। সুতরাং খেলাপী ঋণের পরিমাণ হ্রাস করার জন্য সতর্ক ও সজাগ দৃষ্টি দেয়ার বিনীত অনুরোধ করছি।

ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তনুসারে ১২ জন সদস্য যারা দীর্ঘ সময় ধরে ঋণ খেলাপী এবং যাদের বর্তমান অবস্থান জানা সম্ভব হয় নাই সে সব খেলাপী সদস্যদের বকেয়া ঋণের টাকা তাদের শেয়ার, সঞ্চয় এবং জামিন দাতাদের শেয়ার ও সঞ্চয়ের টাকা দিয়ে সমন্বয় করা হয়েছে। এ বিষয়ে নোটিশ দ্বারা সকল জামিনদাতাদের পূর্বেই জ্ঞাত করা হয়েছে।

খেলাপী সদস্যদের কাছ থেকে অনাদায়ী কিস্তি আদায় ও চলমান ঋণ নিয়ন্ত্রন রাখার জন্য ২ (দুই) জন সহকারী ঋণ অফিসার নিয়মিত সদস্যদের সাথে যোগাযোগ ও পরিবার পরিদর্শন কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। তাছাড়াও এই সংক্রান্ত বিশেষ কমিটি খেলাপী সদস্যদের সাথে যোগাযোগ করেছেন। উল্লেখ যে, কোন সদস্য পর পর তিন মাস ঋণের কিস্তি প্রদানে ব্যর্থ হলে সেই সকল সদস্যকে কিস্তি নিয়মিত করার জন্য নোটিশ প্রদান করা হচ্ছে। ঋণদান কমিটি কোন ঋণের সুপারিশ করার পূর্বে আবেদন-কারীর অতীত ও বর্তমান লেনদেন সর্ম্পকীত তথ্য যাচাই-বাছাই এবং প্রর্দশিত মাসিক আয়ের তথ্যের ভিত্তিতে আবেদিত ঋণের কিস্তি নিয়মিত প্রদান করার সক্ষমতা সাপেক্ষে ঋণ সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অধিকন্তু ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন ছাড়াও অন্য কোন ক্রেডিট ইউনিয়নে খেলাপী হলে সেই ঋণগুলোর কিস্তি নিয়মিত করার পর ঋণ অনুমোদনের সুপারিশ করা হয়েছে। কোন ঋণ আবেদনে জামিনদার খেলাপী হলে তার সাথে যোগাযোগ করে ঋণের কিস্তি নিয়মিত করণের পর উক্ত আবেদন ফরম সুপারিশ করা হয়েছে। অফিস ষ্টাফ কর্তৃক কোন আবেদন ফরম যাচাই বাছাই করার পর নিয়ম বর্হিভূত হলে সে সমস্ত ঋণের আবেদন আবেদনকারীকে অবহিত করণঃ সাপেক্ষে ঋণ প্রদান স্থগিত বা উদ্ভূত সমস্যা সমাধানের পর ঋণ প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।

বিগত আর্থিক বছরে সমস্ত বিষয়ে আপনাদের সাহায্য ও সহযোগিতা পেয়েছি এবং আগামীদিনেও প্রত্যাশা করছি। আপনাদের উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ঋণদান কমিটির প্রতিবেদন উপস্থাপনা শেষ করছি। **সমবায়ের জয় হউক।**

ধন্যবাদান্তে

সুজিত চিসিম
সদস্য, ঋণদান কমিটি

সুকুমার জাম্বিল
সম্পাদক, ঋণদান কমিটি

সিপ্রিয়ান আপার দারিং
সভাপতি, ঋণদান কমিটি

"ঋণ নিবেন উৎপাদন খাতে, মুক্তি পাবেন খেলাপী হতে"

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:

সাধারণ ঋণের খেলাপী সদস্যদের তালিকা, জুন-২০২৫ খ্রী. পর্যন্ত

মেয়াদ উত্তীর্ণ

ক্রমিক নং	সদস্যদের নাম	সদস্য নং	ঋণ গ্রহণের তারিখ	পরিশোধের শেষ তারিখ	ঋণ প্রদান	বিগত মাস পর্যন্ত আদায়	মোট আদায়	অবশিষ্ট ঋণ	মুনাফা	মোট
১	নীলু নীলা রেমা	৫৪	২৪.১১.১৫	২৪.১১.২১	২,০০,০০০	৬,৬০০	৬,৬০০	১,৯৩,৪০০	২,৭৬,৮৬২	৪,৭০,২৬২
২	অনুতোষ স্কু	৭২	০২.০৭.০৯	০২.০৭.১২	৩৫,০০০	১১,৫০০	১১,৫০০	২৩,৫০০	৩৪,৬০২	৫৮,১০২
৩	দিপ্লাস চিরান	৭৫	৩০.১১.১৪	৩০.১১.১৭	৪০,০০০	১৮,৪০০	১৮,৪০০	২১,৬০০	২১,৪২৪	৪৩,০২৪
৪	লিলিয়ান চিসিম	১১৪	১৮.১২.১৬	১৮.১২.২২	১,৫০,০০০	৭৩,০৩০	৭৩,৮৩০	৭৬,১৭০	১৩,৭৫৮	৮৯,৯২৮
৫	রবার্ট চিরান	১১৭	৩০.০১.২২	৩০.০১.২৫	৫০,০০০	৪,৮০০	৪,৮০০	৪৫,২০০	১৪,৩৬৩	৫৯,৫৬৩
৬	ছন্দা চিসিম	১১৯	০৭.১২.১৭	০৭.১২.২১	৯০,০০০	৭৮,২০০	৮০,২০০	৯,৮০০	২,৩০১	১২,১০১
৭	মিলিতা ঘাগ্রা	১৪৪	১১.০৭.১৬	১১.০৭.২২	১,৩০,০০০	৬৫,২০০	৬৫,২০০	৬৪,৮০০	৮৫,৭৮০	১,৫০,৫৮০
৮	মিতালী ঘাগ্রা	১৪৮	০৭.০৮.০৭	০৭.০৮.১০	৪০,০০০	২১,৭০০	২৮,৭০০	১১,৩০০	৭,১৭০	১৮,৪৭০
৯	গ্রেগরী মারাক	১৬৭	২৮.০১.১৯	২৮.০১.২৫	১,৩০,০০০	১,০০,৭৭০	১,০১,৭৭০	২৮,২৩০	২,৫৭৬	৩০,৮০৬
১০	পরিমল সেনগুপ্ত	১৯৬	৩০.০৬.০৪	৩০.০৬.০৭	৩০,০০০	৩,২৭১	৩,২৭১	২৬,৭২৯	৪৫,৭৫৮	৭২,৪৮৭
১১	বাবুল রুগা	১৯৭	৩১.০৫.০৩	৩১.০৫.০৬	৩০,০০০	১২,৩২০	১২,৩২০	১৭,৬৮০	৩০,৫৭৮	৪৮,২৫৮
১২	অগ্নি মানখিন	২০৫	২৫.১০.১৫	২৫.১০.১৯	৫৫,০০০	৩,৬০০	৩,৬০০	৫১,৪০০	৭৬,৫১৩	১,২৭,৯১৩
১৩	মনিকা রুরাম	২২১	১৯.০৪.০৯	১৯.০২.১২	১৫,০০০	৯,৭০০	৯,৭০০	৫,৩০০	৩,৬৬০	৮,৯৬০
১৪	ডেভিড চৌধুরী	২২৮	২৮.১০.০৯	১৮.১০.১৪	১,০০,০০০	৩৫,৭০০	৪৬,৩০৫	৫৩,৬৯৫	৯৪,৮৭৮	১,৪৮,৫৭৩
১৫	রঞ্জনা থিগিদী	২৩৪	২২.১২.১২	২২.১২.১৬	৬০,০০০	১১,৯২০	১২,২২০	৪৭,৭৮০	৭৬,২৯৩	১,২৪,০৭৩
১৬	লাভলু রংমা	২৩৫	২৭.০৯.০০	২৭.০৯.০৩	১০,০০০	২,৩০৫	২,৩০৫	৭,৬৯৫	১৩,১৫২	২০,৮৪৭
১৭	দীপংকর মান্দা	২৪৬	২৯.০৬.০৩	২৯.০৬.০৬	৪০,০০০	১৫,৪০০	১৫,৪০০	২৪,৬০০	৪২,১৯৬	৬৬,৭৯৬
১৮	জয় মারাক	২৫৩	৩০.০৪.০৩	৩০.০৪.০৬	৯,০০০	৭৬৩	৭৬৩	৮,২৩৭	১৪,০০৮	২২,২৪৫
১৯	ভবানী মান্দা	২৮৮	২৭.০৮.১২	২৭.০৮.১৫	৩৮,০০০	৩৮৭	৩৮৭	৩৭,৬১৩	৬০,৬৩০	৯৮,২৪৩
২০	রীতা চিসিম	৩৩৮	১৯.০২.০৩	১৯.০২.০৬	৩০,০০০	৯,১০০	৯,১০০	২০,৯০০	৩৬,১২৩	৫৭,০২৩
২১	জ্যোতিষ আজিম	৩৪৬	০২.১০.১৬	০২.১০.২২	২,০০,০০০	১,০৩,০০০	১,০৩,০০০	৯৭,০০০	৯৪,২৯৬	১,৯১,২৯৬
২২	রুলি রিছিল	৩৬৫	০৩.০৩.১৪	১৩.১২.২৩	১,৫০,০০০	১,০৭,৪৬০	১,০৮,৪৬০	৪১,৫৪০	১০,৯৬৫	৫২,৫০৫
২৩	এড. দীনেশ দারু	৩৭৭	১৭.০৫.২০	১৭.০৫.২৫	১,০০,০০০	৩৪,০০০	৩৫,০০০	৬৫,০০০	৬৫০	৬৫,৬৫০
২৪	রুপন লেনার্ড দফো	৩৮৩	৩০.১১.০৫	৩০.১১.০৮	৮,০০০	৬,৬৩০	৬,৬৩০	১,৩৭০	২,০০০	৩,৩৭০
২৫	রুপক ম্রং	৩৮৮	৩০.০৯.০২	৩০.০৯.০৫	১৮,০০০	২,৬০০	২,৬০০	১৫,৪০০	২৬,৪১৯	৪১,৮১৯
২৬	দীপু রেমা	৪১৭	২৯.০৭.১৫	২৯.০৭.২১	২,০০,০০০	৮৬,১০০	৮৬,১০০	১,১৩,৯০০	১,০৮,৫২৩	২,২২,৪২৩
২৭	প্রেরিত ম্রং	৪২০	১৭.১২.১৭	৩১.১২.২৪	২,৪৩,০০০	৫৪,২০০	৫৪,৪০০	১,৮৮,৬০০	১,৩৫,৫৮৬	৩,২৪,১৮৬
২৮	রেজিনা পাথাং	৪৩০	২১.১২.১৩	১৭.১২.১৬	৩১,০০০	১৭,৮২৯	১৮,১৭৬	১২,৮২৪	১৭,০১৩	২৯,৮৩৭
২৯	ভারতী ঘাগ্রা	৪৬৩	২৪.০৬.১২	১৮.০৪.১৬	৬০,০০০	১০,২০০	১০,২০০	৪৯,৮০০	৬৭,৯১৫	১,১৭,৭১৫
৩০	সুব্রত দিও	৪৬৪	২৮.১১.১১	২৮.১১.১৪	২৫,০০০	১৭,৫৫২	১৭,৫৫২	৭,৪৪৮	৬,৯০৬	১৪,৩৫৪
৩১	মোনালিসা ম্রং	৪৭৮	১৯.০৩.১৯	১৯.০৩.২৫	১,৫০,০০০	৯,৫০০	৯,৬০০	১,৪০,৪০০	১,০৭,৭৮৫	২,৪৮,১৮৫
৩২	দিপালী দাংগ	৫৩৮	২৭.০৭.১৩	২৭.০৭.১৬	৫০,০০০	৮,০০০	৮,০০০	৪২,০০০	৬৭,৩৮০	১,০৯,৩৮০
৩৩	সুকান্ত রেমা	৫৪৭	২০.১২.১৫	২০.১২.২১	১,০৯,০০০	৫২,১২০	৫২,৬২০	৫৬,৩৮০	৩১,৪৭১	৮৭,৮৫১
৩৪	আশীষ রেমা	৫৫১	০৪.১২.১৬	০৪.১২.২২	২,০০,০০০	৯২,৬৫০	৯৪,৩৫০	১,০৫,৬৫০	১,৩৬০	১,০৭,০১০

মেয়াদ উত্তীর্ণ

ক্রমিক নং	সদস্যদের নাম	সদস্য নং	ঋণ গ্রহণের তারিখ	পরিশোধের শেষ তারিখ	ঋণ প্রদান	বিগত মাস পর্যন্ত আদায়	মোট আদায়	অবশিষ্ট ঋণ	মুনাফা	মোট
৩৫	লীজা জাম্বিল	৫৬৪	০৪.১২.১৬	০৪.১২.২২	২,০০,০০০	৭১,৬৬০	৭৩,১৪০	১,২৬,৮৬০	১,৭১৯	১,২৮,৫৭৯
৩৬	সুহার্তো রুরাম	৬৪৫	২১.০৯.২২	২১.০৯.২৪	৩২,০০০	১৮,৪০০	১৮,৪০০	১৩,৬০০	২,০০৩	১৫,৬০৩
৩৭	সুহাস চিরান	৬৭৪	১৪.০৩.১৮	১৪.০৩.২৩	১,০০,০০০	২৮,৪১০	২৮,৫১০	৭১,৪৯০	৩০,৮০৭	১,০২,২৯৭
৩৮	লাকী দিও	৬৮৪	১৩.০৫.১৮	১৩.০৫.২৫	২,২৬,০০০	৬৯,০৭০	৭১,২৪০	১,৫৪,৭৬০	৩৫,১৭৭	১,৮৯,৯৩৭
৩৯	শুভ্র কুবি	৭১০	৩০.০৪.২২	৩০.০৪.২৪	১৭,০০০	৩,৩০০	৩,৩০০	১৩,৭০০	১,৬৪৪	১৫,৩৪৪
৪০	জেরী আরেং	৭৫৯	০২.১২.১৯	০২.১২.২৪	১,০০,০০০	৫৪,৬০০	৫৬,৯০০	৪৩,১০০	৭১৩	৪৩,৮১৩
৪১	জয়া আরেং	৭৬১	২০.০২.২০	২৯.০৩.২৫	১,০০,০০০	৭১,৮৬০	৭৩,৬০০	২৬,৪০০	১৪	২৬,৪১৪
৪২	প্রকান মানখিন	৭৭১	০১.০৩.২০	০১.০৩.২৫	৬৫,০০০	২,৬০০	২,৬০০	৬২,৪০০	৪০,১৫৪	১,০২,৫৫৪
৪৩	সাইমন এসএস সাংমা	৭৯০	২৪.০৯.১৮	২৪.০৯.২২	৫২,০০০	১৬,৪৪০	১৬,৪৪০	৩৫,৫৬০	১৮,০০৭	৫৩,৫৬৭
৪৪	সুচরিতা রেমা	৭৯১	১১.০১.২১	১১.০১.২৫	৭০,০০০	৬,৮০০	৬,৮০০	৬৩,২০০	২৪,৫২৩	৮৭,৭২৩
৪৫	লতা চিসিম	৮২৪	২৮.০৫.১৩	২৮.০৫.১৬	২০,০০০	৫,৯৫০	৬,১৫০	১৩,৮৫০	২১,৯১৭	৩৫,৭৬৭
৪৬	সুহাস রেমা	৮৩০	২৮.০৭.১৯	২৮.০৭.২২	৩৫,০০০	১৮,৫০১	১৮,৫০১	১৬,৪৯৯	৫,৭৭৪	২২,২৭৩
৪৭	বিজন চিসিম	৮৫২	১৮.১২.১৩	১৮.১২.১৬	৩৪,০০০	৬,৭০০	৬,৭০০	২৭,৩০০	৪৫,৪৯০	৭২,৭৯০
৪৮	শান্তা চিসিম	৮৫৩	২৭.০২.১৭	২৭.০২.২১	৬০,০০০	২৩,৪০০	২৩,৪০০	৩৬,৬০০	৩৫,৯৭০	৭২,৫৭০
৪৯	নীপা জেংছাম	৮৫৪	১৩.০৫.১৮	১৩.০৫.২৩	১,০০,০০০	২৭,৬৩৮	২৭,৬৩৮	৭২,৩৬২	১৭,২৩০	৮৯,৫৯২
৫০	মনি কুমার দাস	৮৯৯	০২.০৭.১৫	০২.০৭.১৮	৪০,০০০	৮,২০১	৮,২০১	৩১,৭৯৯	৩৫,৮০৬	৬৭,৬০৫
৫১	ইলিয়াস দিও	৯০০	১৪.১১.১৯	১৪.১১.২৪	১,০০,০০০	২৩,৮০০	২৩,৮০০	৭৬,২০০	৪১,৭৪২	১,১৭,৯৪২
৫২	সুরঞ্জন রাকসাম	৯০৬	১১.১২.১৬	১১.১২.১৯	৪০,০০০	৫,৫০০	৫,৫০০	৩৪,৫০০	৩৬,৫৫৩	৭১,০৫৩
৫৩	পলাশ আশাক্রা	৯১২	২৭.০৫.১৯	২৭.০৫.২৩	৫৬,০০০	৩৬,৬৯০	৩৭,২০০	১৮,৮০০	৮,৭৬১	২৭,৫৬১
৫৪	ডনাল্ড ঘাগ্রা	৯২২	৩১.০৩.১৯	৩১.০৩.২৪	১,০০,০০০	৩৬,০৫০	৩৬,১৫০	৬৩,৮৫০	২৫,৭৬০	৮৯,৬১০
৫৫	রিসা মানখিন	৯৬৮	১৭.১২.১৯	১৭.১২.২৩	৮০,০০০	৫৬,৪৫০	৫৮,০৪০	২১,৯৬০	৫,৪০০	২৭,৩৬০
৫৬	রবার্ট আশাক্রা	৯৮৫	১৭.১২.১৯	১৭.১২.২১	৩০,০০০	২০০	২০০	২৯,৮০০	২০,৯০২	৫০,৭০২
৫৭	প্রদ্যুত রংদী	৯৯১	০৭.০২.১৮	০৭.০৯.২১	৪০,০০০	১৮,৬০০	১৮,৬০০	২১,৪০০	১৩,৪১৫	৩৪,৮১৫
৫৮	ইভা চিরান	১০০৪	১৮.০২.১৯	১৮.০২.২২	৩০,০০০	৬,৪৬০	৬,৪৬০	২৩,৫৪০	১৯,২৪৭	৪২,৭৮৭
৫৯	রোমিও রোমারিও চাম্বুগং	১০১৪	১৩.১২.২১	১৩.১২.২৪	৫০,০০০	২৭,০০০	২৮,০০০	২২,০০০	৬	২২,০০৬
৬০	অনন্ত নকরেক	১০২২	২৫.০৮.১৯	২৫.০৮.২২	৫০,০০০	১২,৫০০	১২,৫০০	৩৭,৫০০	১৭,৭৮১	৫৫,২৮১
৬১	হিউবার্ট মৃ	১০২৭	০৫.০৮.১৯	০৫.০৮.২৪	১,০০,০০০	৫১,৪২০	৫২,০০০	৪৮,০০০	১০,১৪৭	৫৮,১৪৭
৬২	লিলি আজিম	১০৩৯	২৮.০১.২০	২৮.০১.২৫	৫৮,০০০	৭০০	৮০০	৫৭,২০০	৩৮,৩১৩	৯৫,৫১৩
৬৩	ব্রিলিয়ান্ট চিরান	১০৪৬	১৪.০৩.২৩	১৪.০৩.২৫	৩০,০০০	৩,৩৭০	৩,৩৭০	২৬,৬৩০	৭,৪৪৮	৩৪,০৭৮
৬৪	মিনতি জেংচাম	১০৭২	০৪.১০.১৮	২১.০১.২৫	৬০,০০০	৫,৪০০	৫,৪০০	৫৪,৬০০	৩৪,০২৮	৮৮,৬২৮
৬৫	মিথুন চাম্বুগং	১০৯০	১৭.১২.১৭	১৭.১২.২১	৬০,০০০	৭,৭০০	৭,৭০০	৫২,৩০০	৫১,৮৭১	১,০৪,১৭১
৬৬	হিব্রোন ডনার দারিং	১১০৬	২৫.০২.১৯	২৫.০২.২২	৪০,০০০	২৪,১৫০	২৪,২৫০	১৫,৭৫০	৮,৫২৪	২৪,২৭৪
৬৭	লুসিয়া রাংসা	১১২৮	১০.০৪.১৯	১০.০৪.২২	৩৩,০০০	১০০	১০০	৩২,৯০০	৩০,৩৩৬	৬৩,২৩৬
৬৮	মি. লিটুস কুবি	১১২৯	৩০.০৯.১৮	৩০.০৯.২১	২৭,৫০০	৫,৬০০	৫,৬০০	২১,৯০০	২০,২৪০	৪২,১৪০
৬৯	ঝুমা রেমা	১১৩৪	১০.১২.১৮	১০.১২.২১	২৯,০০০	২৪,১৪০	২৪,১৪০	৪,৮৬০	৫,৩৫৬	১০,২১৬
৭০	বাবলা রাংসা	১১৩৫	১৭.০৭.১৮	১৭.০৭.২১	৪০,০০০	২৮,৮০০	২৮,৮০০	১১,২০০	১০,৮১৫	২২,০১৫

মেয়াদ উত্তীর্ণ

ক্রমিক নং	সদস্যদের নাম	সদস্য নং	ঋণ গ্রহণের তারিখ	পরিশোধের শেষ তারিখ	ঋণ প্রদান	বিগত মাস পর্যন্ত আদায়	মোট আদায়	অবশিষ্ট ঋণ	মুনাফা	মোট
৭১	ডায়না রিছিল	১১৯৫	১১.১১.১৯	১১.১১.২১	১৯,০০০	৩,২০০	৩,২০০	১৫,৮০০	৯,৩০১	২৫,১০১
৭২	লিসা চিসিক	১২০০	১৪.১২.২০	১৪.১২.২৩	৪০,০০০	২১,৬০০	৩০,৯০০	৯,১০০	১৭৬	৯,২৭৬
৭৩	সন্ধি আরেং	১২৪২	২৮.১১.২১	২৮.১১.২৪	৫০,০০০	২৪,৪৮০	২৫,৫৫০	২৪,৪৫০	৩,১৫৩	২৭,৬০৩
৭৪	সানী আগ্নেস আরেং	১২৪৯	২৮.০২.২১	২৮.০২.২৪	৫০,০০০	৪০,৬২৮	৪১,৮২৮	৮,১৭২	৮২	৮,২৫৪
৭৫	সারিন ম্রং	১৩০৯	১৩.০৮.২০	১৩.০৮.২৩	৪০,০০০	৬,৬৯৩	৬,৬৯৩	৩৩,৩০৭	১১,২৪৩	৪৪,৫৫০
৭৬	তীর্থ রিছিল	১৩২৬	২৭.০৬.২১	২৭.০৬.২৪	৫০,০০০	২,৬০০	২,৬০০	৪৭,৪০০	১৯,২৮৩	৬৬,৬৮৩
৭৭	রুপক রুরাম	১৩৪৭	১৭.১২.১৯	১৭.১২.২২	৪৪,০০০	৫,০০০	৫,০০০	৩৯,০০০	১৮,৮২১	৫৭,৮২১
৭৮	বিউটি মৃ	১৩৬০	৩০.০৯.১৯	৩০.০৯.২১	২০,০০০	৩,০০০	৩,০০০	১৭,০০০	১০,৫৪৭	২৭,৫৪৭
৭৯	তেরেজা মৃ	১৩৭৯	২৮.১১.২০	২৮.১১.২৩	৩৯,০০০	৩৪,৯১০	৩৪,৯১০	৪,০৯০	৭৭৯	৪,৮৬৯
৮০	শ্রীমান মৃ	১৩৮১	১২.০৯.২১	১২.০৯.২৪	৫০,০০০	১৫,০১০	১৫,০১০	৩৪,৯৯০	৫,২৭৪	৪০,২৬৪
৮১	স্মৃতিনা সাংমা	১৪২৭	১২.১২.২১	১২.১২.২৪	৫০,০০০	১৩,৯৬৩	১৩,৯৬৩	৩৬,০৩৭	১১,৭৭৫	৪৭,৮১২
৮২	ফ্রান্সিস চাম্বুগং	১৪৪২	১৪.০৭.২২	১৪.০৭.২৪	২০,০০০	২,০৬৩	২,০৬৩	১৭,৯৩৭	৬৫৬	১৮,৫৯৩
৮৩	বুলবুল দিও	১৪৭১	০৭.০৬.২১	০৭.০৬.২৪	৫০,০০০	২৬,৬৫০	২৬,৬৫০	২৩,৩৫০	৫,০৩৭	২৮,৩৮৭
৮৪	এলটনী ম্রং	১৪৮৬	২৩.০২.২২	২৩.০২.২৪	১৭,০০০	৯,৬০০	৯,৮০০	৭,২০০	৭২	৭,২৭২
৮৫	বংকিম মারাক	১৫২৩	২৯.০৭.২১	২৯.০৭.২৪	৫০,০০০	১৯,৭৯০	১৯,৭৯০	৩০,২১০	৪,৬৮০	৩৪,৮৯০
৮৬	রানী মৃ	১৫২৪	০৬.০৪.২২	০৬.০৪.২৫	৫০,০০০	৪,৯৮০	৪,৯৮০	৪৫,০২০	৯,১৯৪	৫৪,২১৪
৮৭	সেক্সপিয়ার মানখিন	১৫৬১	২৬.০২.২৩	২৬.০২.২৫	১৫,০০০	৬,০৪০	৬,০৪০	৮,৯৬০	১,৮৯০	১০,৮৫০
৮৮	লাকী মান্দা	১৫৬২	০৬.০৪.২৩	০৬.০৪.২৫	১৪,০০০	৪,০৮০	৪,০৮০	৯,৯২০	২,০৭৯	১১,৯৯৯
৮৯	সুমিতা সাংমা	১৬২৮	০৩.০৪.২২	০৩.০৪.২৪	১৪,০০০	৯,৮৫৬	৯,৮৫৬	৪,১৪৪	৬৯৭	৪,৮৪১
৯০	মহিমা আরেং	১৬২৯	১২.০২.২২	১২.০২.২৪	১৮,০০০	১১,৩৭০	১১,৩৭০	৬,৬৩০	১,৩৯০	৮,০২০
৯১	অনিমেষ সাংমা	১৬৩৪	১৯.০২.২৩	১৯.০২.২৫	৩০,০০০	১৩,৩০০	১৩,৩০০	১৬,৭০০	৯২৩	১৭,৬২৩
৯২	কেয়া জাম্বিল	১৬৩৫	২৫.০১.২৩	২৫.০২.২৫	৩০,০০০	১৪,৯০০	১৪,৯০০	১৫,১০০	৮৬৬	১৫,৯৬৬
৯৩	রিংখেং কুবি	১৬৬৯	১৭.১২.২২	১৭.১২.২৪	৩০,০০০	২০,৯৪০	২০,৯৪০	৯,০৬০	৯৩৪	৯,৯৯৪
৯৪	দাদক লিটন	১৭৩৬	২৭.০৩.২৩	২৭.০৩.২৫	১০,০০০	২,৫৯০	২,৫৯০	৭,৪১০	৬৬	৭,৪৭৬
৯৫	দিপা চিসিম	১৭৪৭	২৭.০৩.২৩	২৭.০৩.২৫	৮,০০০	৩,৩৮০	৪,১১০	৩,৮৯০	২০৮	৪,০৯৮
					৫৯,৩৮,৫০০	২২,১৫,২৯০	২২,৬৬,৩১২	৩৬,৭২,১৮৮	২৪,৭৩,৬১৩	৬১,৪৫,৮০১

সিপ্রিয়ান আপার দারিং
সভাপতি, ঋণদান কমিটি

প্রদীপ কুমার রুরাম
প্রধান নির্বাহী কর্মকর্তা

কল্যাণ রেমা
কোষাধ্যক্ষ
ব্যবস্থাপনা কমিটি

অমিত ইলিয়াস স্কু
সম্পাদক
ব্যবস্থাপনা কমিটি

প্রশান্ত নাফাক
সভাপতি
ব্যবস্থাপনা কমিটি

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:
১০/৫ ভাটিকাশর বাইলেন, ময়মনসিংহ

সাধারণ ঋণ কিস্তি খেলাপী সদস্যদের তালিকা, ফেব্রুয়ারী-২০২৬ খ্রী.

১২ মাসের উপরে

ক্রমিক নং	সদস্যদের নাম	সদস্য নং	ঋণ গ্রহণের তারিখ	পরিশোধের শেষ তারিখ	ঋণ প্রদান	শেষ কিস্তি প্রদানের তারিখ	মোট আদায়যোগ্য	মোট আদায়	বকেয়া আদায় যোগ্য	বকেয়া মুনাফা	মোট বকেয়া আদায়যোগ্য	অবশিষ্ট ঋণ (আসল)
১	মিনি রংদী	১৫০	৩০.০৭.২০	৩০.০৭.২৮	৫,০০,০০০	২০.০৯.২৩	৩,৪৮,৯৩৬	৩০,০০০	৩,১৮,৯৩৬	২,২৬,১৩৭	৫,৪৫,০৭৩	৪,৭০,০০০
২	রাসেল নকরেক	৯৪১	২৬.০৮.২৩	২৬.০৮.২৯	২,০০,০০০	৩১.০৭.২৪	৮৩,৩৪০	৪৭,১৯০	৩৬,১৫০	২৭,৫০০	৬৩,৬৫০	১,৫২,৮১০
৩	জেভিয়ার চিসিম	৯৭৭	২৫.০২.২৪	২৫.০২.৩১	৩,০০,০০০	২০.১২.২৪	৮৫,৭০৪	১৬,৫৭১	৬৯,১৩৩	৪৫,৪৪৭	১,১৪,৫৮০	২,৮৩,৪২৯
৪	চুমকি ঘাগ্রা	১১৫৯	১৭.১২.২৩	১৭.১২.২৮	১,০০,০০০	৩০.০৪.২৪	৪৩,৩৪২	৭,৭৫০	৩৫,৫৯২	১৯,৩৮৩	৫৪,৯৭৫	৯২,২৫০
৫	সানশাইন আরেং	১২২৪	২৭.০৩.২২	২৭.০৩.২৯	৩,০০,০০০	৩০.০৯.২৩	১,৪৬,৮৭৫	৯০০	১,৪৫,৯৭৫	১,৩২,৭৮৬	২,৭৮,৭৬১	২,৯৯,১০০
৬	অসীম হাজং	১২৪৮	১২.০৫.২১	১২.০৫.২৬	১,০০,০০০	১৬.০১.২৪	৯৫,০১৯	৪৫,২৬০	৪৯,৭৫৯	২১,৫৩০	৭১,২৮৯	৫৪,৭৪০
৭	রুমি রিছিল	১৪৬১	১১.০৩.২১	১১.০৩.২৬	১,০০,০০০	০৮.০৩.২২	৯৮,৩৫৩	৪,৭০০	৯৩,৬৫৩	৪৮,১১৫	১,৪১,৭৬৮	৯৫,৩০০
৮	রিংকু নকরেক	১৫২৯	১৬.০৭.২৩	০৫.০৭.২৬	৫০,০০০	২৯.১১.২৩	৪৩,০৫৯	১,৫০০	৪১,৫৫৯	১২,৬১০	৫৪,১৬৯	৪৮,৫০০
৯	জেমি জাম্বিল	১৬৭৪	০৩.১২.২৩	০৩.১২.২৮	১,০০,০০০	০৫.১২.২৪	৪৩,৩৪২	১,৯৫০	৪১,৩৯২	২২,৫৩০	৬৩,৯২২	৯৮,০৫০
১০	জীবন দাস	১৮৩৭	২২.০৪.২৪	২২.০৪.২৭	৫০,০০০	৩০.১০.২৪	৩০,৫৫৮	৮,৪০০	২২,১৫৮	৬,২৪০	২৮,৩৯৮	৪১,৬০০
				মোট	১৮,০০,০০০		১০,১৮,৫২৮	১,৬৪,২২১	৮,৫৪,৩০৭	৫,৬২,২৭৮	১৪,১৬,৫৮৫	১৬,৩৫,৭৭৯

সিপ্রিয়ান আপার দারিং
সভাপতি, ঋণদান কমিটি

প্রদীপ কুমার রুরাম
প্রধান নির্বাহী কর্মকর্তা

কল্যাণ রেমা
কোষাধ্যক্ষ
ব্যবস্থাপনা কমিটি

অমিত ইলিয়াস স্কু
সম্পাদক
ব্যবস্থাপনা কমিটি

প্রশান্ত নাফাক
সভাপতি
ব্যবস্থাপনা কমিটি

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:

১০/৫ ভাটিকাশর বাইলেন, ময়মনসিংহ

বিশেষ ঋণের খেলাপী সদস্যদের তালিকা, জুন-২০২৫ খ্রী. পর্যন্ত

মেয়াদ উত্তীর্ণ

ক্রমিক নং	সদস্যদের নাম	সদস্য নং	ঋণ গ্রহণের তারিখ	ঋণ প্রদান	পরিশোধের শেষ তারিখ	সর্বশেষ কিস্তি প্রদানের তারিখ	মোট আদায়	অবশিষ্ট ঋণ	মুনাফা	মোট
১	শশাংক রিছিল	৫২	০৯.০৫.১৬	৫০০,০০০	০৯.০৫.২৪	২৪.০৭.২২	৩৭৫,২৭৬	১২৪,৭২৪	৫৮,৩১৫	১৮৩,০৩৯
২	সাগরিকা রংদী	১৫১	২০.০৬.১৬	৫০০,০০০	২০.০৬.২৪	৩১.০৭.১৭	৩০,০০০	৪৭০,০০০	৬৩২,১৪২	১,১০২,১৪২
	মোট			১,০০০,০০০		০	৪০৫,২৭৬	৫৯৪,৭২৪	৬৯০,৪৫৭	১,২৮৫,১৮১

গৃহ-নির্মাণ ঋণের খেলাপী সদস্যদের তালিকা, জুন-২০২৫ খ্রী. পর্যন্ত

১২ মাসের উপরে

ক্রমিক নং	সদস্যদের নাম	সদস্য নং	ঋণ গ্রহণের তারিখ	ঋণ প্রদান	পরিশোধের শেষ তারিখ	সর্বশেষ কিস্তি প্রদানের তারিখ	মোট আদায়	অবশিষ্ট ঋণ	মুনাফা	মোট
১	স্বপ্না আরেং	৯৪	৩০.০৬.২১	২,০০০,০০০	৩০.০৬.৪১	৩০.০৭.২২	১২০,৪৫৪	১,৮৭৯,৫৪৬	৭৬৮,১১৭	২,৬৪৭,৬৬৩
	মোট			২,০০০,০০০			১২০,৪৫৪	১,৮৭৯,৫৪৬	৭৬৮,১১৭	২,৬৪৭,৬৬৩

তরী রাকসাম
সহকারী ঋণ কর্মকর্তা

প্রদীপ কুমার রুরাম
প্রধান নির্বাহী কর্মকর্তা

কল্যাণ রেমা
কোষাধ্যক্ষ
ব্যবস্থাপনা কমিটি

অমিত ইলিয়াস ক্রু
সম্পাদক
ব্যবস্থাপনা কমিটি

প্রশান্ত নাফাক
সভাপতি
ব্যবস্থাপনা কমিটি

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:
আভ্যন্তরীন নিরীক্ষা কমিটির প্রতিবেদন

আলোচ্য সূচীঃ ১২

ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড-এর ৪৩তম সাধারণ সভায় উপস্থিত সম্মানিত ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ, বিভিন্ন উপ-কমিটির সদস্যগণ, ক্রেডিট ইউনিয়নের একনিষ্ঠভাবে দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মীগণ এবং সমিতির প্রাণপ্রিয় সকল সদস্য/সদস্যাগণকে জানাই সমবায়ী আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা। আমরা বিশ্বাস করি, ময়মনসিংহ খ্রীষ্টান কো-অপরারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড-এর সকল সদস্য/ সদস্যাগণের আন্তরিক সহযোগিতা ও স্বতঃস্ফুর্ত অংশগ্রহনের ফলেই বর্তমান কমিটি সফল একটি বছরের পরিসমাপ্তির মহতিক্ষণে উপনীত হতে পেরেছে। তাই আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির পক্ষ থেকে আপনাদের সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।



সম্মানীত সদস্য/সদস্যাবৃন্দ, আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির সদস্যগণ ক্রেডিট ইউনিয়ন উন্নয়নের অগ্রযাত্রাকে এগিয়ে নিতে সহযোগী হিসেবে নিম্নলিখিত ভূমিকা পালন করছে:

১। বোর্ড সভা ও অন্যান্য সভায় অংশগ্রহণ নিরীক্ষা: বিগত ২০২৪-২০২৫ অর্থ বছরে আভ্যন্তরীন নিরীক্ষা কমিটির সদস্যগণ নথিপত্র থেকে দেখতে পেরেছেন যে, ব্যবস্থাপনা কমিটি ১২টি মাসিক সভা, ১১টি জরুরী/বিশেষ সভা ও ১টি যৌথ সভার আয়োজন করে সাংগঠনিক মতামত ও বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড করেছেন।

২। বিভিন্ন নথিপত্র (বিভিন্ন সভার রেজুলেশন), লেজার বহি, পাশবই, ক্যাশবুক, জমা রশিদ ও খরচের ভাউচার ইত্যাদি নিরীক্ষা: প্রতিবেদনকালীন সময়ে ক্রেডিট ইউনিয়নের বিভিন্ন নথিপত্র যেমন- বিভিন্ন সভার রেজুলেশন, লেজার বহি, পাশবই, ক্যাশবই, জমা রশিদ/ খরচ ভাউচার রশিদ, চেক/জমা স্লীপ ইত্যাদি নিয়মিত এবং স্যামপ্লিং চয়ন পদ্ধতিতে নিরীক্ষা করা হয়েছে।

৩। জমা উত্তোলন ভাউচার/রশিদ নিরীক্ষা ও পর্যবেক্ষণ: বিগত ২০২৪-২০২৫ অর্থ বছরে আভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির সদস্যগণ ক্রেডিট ইউনিয়নের সম্মানিত সদস্য/সদস্যাদের জমা রশিদ ও উত্তোলন ভাউচারের প্রয়োজনীয় কাগজপত্র নিরীক্ষা ও পর্যবেক্ষণক্রমে প্রয়োজনীয় মতামত ও সুপারিশ প্রদান করা হয়েছে।

৪। নতুন সদস্যপদ গ্রহন প্রক্রিয়া নিরীক্ষা: বিগত অর্থ বছরে নতুন সদস্যপদ গ্রহণ প্রক্রিয়ার বিভিন্ন দিক নিরীক্ষা করা হয়েছে এবং নতুন সদস্য ভর্তি, নিয়মিত শেয়ার-সঞ্চয় জমা প্রদানে উদ্বুদ্ধ করা হয়েছে। ময়মনসিংহের সকল খ্রীষ্টান নব জাতক প্রতিটি শিশুকে অত্র ক্রেডিট ইউনিয়নের বিশেষ প্রক্রিয়ায় সহযোগী সদস্য হিসেবে ভর্তির ব্যবস্থা করা হয়েছে।

